# বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার ব্যবহার নির্দেশিকা

## ভূমিকা (Introduction)

যে কোনো দেশের জাতীয় গ্রন্থাগার সে দেশের পাণ্ডিত্যপূর্ণ অর্জন ও মূল্যায়নের মাপকাঠি এবং মেধা ও বুদ্ধিবৃত্তিক চর্চার মূল কেন্দ্রস্থল। বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার দেশের সৃজনশীল মুদ্রিত সৃষ্টিকর্মের কেন্দ্রীয় সংগ্রহশালা (National Collection)। জাতীয় গ্রন্থাগার জাতির শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, কৃষ্টি-কালচার, সভ্যতার ধারক ও বাহক এবং জাতীয় ঐতিহ্যের প্রতিফলন। তাই জাতীয় গ্রন্থাগারকে বলা হয় বিশ্ববিদ্যালয়সমূহের বিশ্ববিদ্যালয় (National Library is called the University of Universities)। এটি কেন্দ্রীয়ভাবে সর্ববৃহৎ তথ্যভান্ডার হিসেবে পরিচিত। পাঠক ও গবেষকদের শেষ আশ্রয়স্থল।

একটি দেশের জ্ঞান বিজ্ঞানের ক্ষেত্রে অর্জিত অগ্রগতি, সাংস্কৃতিক বিশ্বাস, অনুভূতি, বৈশ্বিক চিন্তা-চেতনা সংবলিত প্রকাশনা বহির্বিশ্বে তুলে ধরার এবং বিশ্বের জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে অর্জিত অগ্রগতির সর্বশেষ তথ্যাবলি/প্রকাশনা সংগ্রহের জন্য জরুরিভাবে দায়িত্বপ্রাপ্ত একমাত্র প্রতিষ্ঠান হলো জাতীয় গ্রন্থাগার। গবেষণার উন্নয়নে, সংস্কৃতির উৎকর্ষতায়, প্রযুক্তির বিকাশে এবং নাগরিকদের দক্ষ মানবসম্পদে রূপান্তরে সর্বোপরি টেকসই পরিকল্পনা গ্রহণে তথ্যমূলক সহযোগিতাদানে জাতীয় গ্রন্থাগারের ভূমিকা অপরিসীম। সেজন্য বলা হয় একটি জাতিকে ধ্বংস করার জন্য সে জাতির জাতীয় গ্রন্থাগারকে ধ্বংস করাই যথেষ্ট। যে জাতির জাতীয় গ্রন্থাগার যত উন্নত ও সুব্যবস্থাপনায় ব্যবস্থায়িত, সে জাতি মেধা-মননে তত বেশি শাণিত ও পরিশীলিত এবং সে জাতির দৃষ্টিভঙ্গি তত বেশি প্রগতিশীল। ১৭৯৫ সালে ফ্রান্সে বিশ্বের সর্বপ্রথম জাতীয় গ্রন্থাগার প্রতিষ্ঠিত হয়। পরবর্তীকালে বিশ্বের বিভিন্ন জাতি তাদের পৃথক জাতিসত্তা ও সাহিত্য, সাংস্কৃতিক ঐতিহ্য সংগ্রহ ও সংরক্ষণের লক্ষ্য নিয়ে জাতীয় গ্রন্থাগার স্থাপন করে।

## বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের সংক্ষিপ্ত ইতিহাস (Abridged History of Bangladesh National Library)

১৯৬৪ সালে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় দেশসমূহে জাতীয় গ্রন্থাগার উন্নয়ন ও প্রতিষ্ঠার লক্ষ্যে UNESCO ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় একটি আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করে। উক্ত সম্মেলনের সুপারিশ অনুযায়ী তখনও যে সমস্ত দেশে জাতীয় গ্রন্থাগার প্রতিষ্ঠিত হয়নি সেসমস্ত দেশে অনতিবিলম্বে জাতীয় গ্রন্থাগার প্রতিষ্ঠার সুপারিশ করেন। সে সুপারিশ অনুযায়ী সরকার ১৯৬৫ সালে পাকিস্তানের ইসলামাবাদে পাকিস্তান জাতীয় গ্রন্থাগার প্রতিষ্ঠা করেন।

১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হয়। বাংলাদেশের রয়েছে অনেক ত্যাগ-তিতিক্ষা ও সুদীর্ঘ আন্দোলন-সংগ্রামের ইতিহাস। মহান স্বাধীনতা লাভের পর যখন নতুন দেশ ও নতুন জাতি হিসেবে বাংলাদেশ বিশ্ব মানচিত্রে মাথা উঁচু করে দাঁড়ায়, তখন বিভিন্ন মহলের নিকট দেশে জাতীয় গ্রন্থাগার স্থাপনের প্রয়োজনীয়তা অনুভূত হয়। ফলে দেশ স্বাধীন হওয়ার পর স্বাধীন জাতির সাংস্কৃতিক, বুদ্ধিবৃত্তিক ও ঐতিহ্যগত প্রত্যাশা পূরণ এবং শিক্ষা, সাহিত্য, ধর্ম, দর্শন, কৃষ্টি, কালচার ও সভ্যতার ধারক-বাহক হিসেবে জাতীয় পর্যায়ে অত্যন্ত সুনামের সাথে কাজ করা ও ভবিষ্যৎ প্রজন্মকে ইতিহাস মনস্ক জাতি হিসেবে গড়ে তোলার জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে "বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার" প্রতিষ্ঠা করেন। ১৯৭২ সালের ৬ নভেম্বর হতে বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের আনুষ্ঠানিক কর্মকাণ্ড শুরু হয়।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরটি প্রথমে ঢাকার ১০৬, সেন্ট্রাল রোডে এবং পরে ৩৭২, এলিফ্যান্ট রোডে ভাড়া করা বাড়িতে ছিল। নতুন দেশ ও জাতির সামগ্রিক প্রয়োজনে সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে দেশের প্রথম

পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় "জাতীয় গ্রন্থাগার ভবন" নির্মাণের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়। ১৯৮৫ সালে আগারগাঁও-এ নিজস্ব ভবন নির্মিত হলে জাতীয় গ্রন্থাগার নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়। বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার বর্তমানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধিভুক্ত আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অধীনে পরিচালিত হচ্ছে।

জাতীয় গ্রন্থাগার ভবনটি দেশ বরেণ্য ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন স্থপতি ড. মাজহারুল ইসলাম এর একটি সুবিন্যস্ত ডিজাইনে আগারগাঁও-এ ৪.০৬ একর জায়গায় নির্মিত। ভবনের নির্মাণশৈলী ও স্বকীয়তা দেশের অন্যতম সেরা ভবন হিসাবে স্থাপত্যবিদ্যার দেশি-বিদেশি ছাত্র-ছাত্রী, শিক্ষক, গবেষক ও পেশাজীবীদের নিকট অতি প্রিয়। এর নির্মাণশৈলী ও অভ্যন্তরীণ নকশা স্বচক্ষে দেখার জন্য প্রায়ই তারা ভবনটি পরিদর্শনে আসেন। ভবনের অভ্যন্তরে ৭০ ফুট দৈর্ঘ্য ও ৫০ ফুট প্রস্থ প্রাকৃতিক দৃশ্য সম্বলিত বাংলাদেশের বৃহত্তম ওয়াল পেইন্ট আছে। বর্তমানে জাতীয় গ্রন্থাগার ভবনটি গণপূর্ত বিভাগের ব্লু-বুকের অন্তর্ভূক্ত এবং কেপিআইভুক্ত হওয়ার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

## ভিশন (Vision)

জাতির বুদ্ধিবৃত্তিক মুদ্রিত সম্পদ এবং বহির্বিশ্বে প্রকাশিত বিশ্বমানের প্রকাশনা সংগ্রহপূর্বক একটি জাতীয় সংগ্রহ সম্ভার গড়ে তোলে এক জায়গা থেকে দেশের শিক্ষা, গবেষণা, পান্ডিত্যপূর্ণ ও উন্নয়নমূলক কার্যক্রমে সহায়তাদানের মাধ্যমে বাংলাদেশে ন্যায়ভিত্তিক, জ্ঞানভিত্তিক ও উদার সমাজ বিনির্মাণে সহায়তা করত সামগ্রিকভাবে জাতিগত সক্ষমতা বৃদ্ধিকরণ ।

## মিশন (Mission)

১. বাংলাদেশে প্রতিবছর নতুন প্রকাশিতব্য বইয়ের জন্য অনলাইনে ISBN(International Standard Book Number) প্রদান;

২. প্রকাশিত সকল সৃজনশীল ও মৌলিক প্রকাশনা সামগ্রী ধারাবাহিকভাবে সংগ্রহকরণ;

৩. সংগৃহীত ও মুদ্রিত বুদ্ধিবৃত্তিক প্রকাশনা এবং বৈদেশিক প্রকাশনা স্থায়ীভাবে সংরক্ষণ;

৪. সংগৃহীত নতুন প্রকাশনা সামগ্রীর তথ্যসহযোগে জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়ন;

৫. বাৎসরিক ভিত্তিতে বাংলাদেশ জাতীয় গ্রন্থপঞ্জি প্রকাশ এবং বিতরণের মাধ্যমে দেশে-বিদেশে সংশ্লিষ্টদের নিকট বাংলাদেশের নতুন প্রকাশনার পরিচিতি বৃদ্ধিকরণ;

৬. বহির্বিশ্বে বাংলাদেশ সম্পর্কিত প্রকাশিত প্রকাশনা (১ম সংখ্যা, ১ম বর্ষ) যথাসম্ভব সংগ্রহ;

৭. জাতীয় সংগ্রহ-এর দ্রুত, সহজ, আধুনিক ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ;

৮. দুষ্প্রাপ্য, ক্ষয়িষ্ণু বই, পত্রপত্রিকা, ম্যাগাজিন, জার্নাল ও অন্যান্য তথ্যসামগ্রী সর্বাধুনিক উপায়ে স্থায়ী সংরক্ষণ;

৯. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গ্রন্থপঞ্জিমূলক তথ্য ও বিভিন্ন বই/প্রকাশনা আদান প্রদানের ব্যবস্থাকরণ;

১০. আন্তঃগ্রন্থাগার লেনদেন ও সহযোগিতার মাধ্যমে জাতীয় গ্রন্থাগারকে দেশের শিক্ষা, গবেষণা ও

তথ্যসেবাদানে সেন্টার ফর এক্সিলেন্স হিসাবে প্রতিষ্ঠাকরণ;

**উদ্দেশ্য (Objective)**

১. জাতীয় শিল্প, সাহিত্য, ঐতিহ্য, শিক্ষা, সংস্কৃতি ও কৃষ্টির লালন কেন্দ্র হিসেবে কাজ করা।

২. দেশ ও জাতি সম্পর্কে দেশী-বিদেশী সকল প্রকাশনা সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ করা।

৩. বৈধ গচ্ছিতকারী (ফবঢ়ড়ংরঃড়ৎু) লাইব্রেরি হিসেবে কাজ করা।

৪. জাতীয় বিবলিওগ্রাফিক কেন্দ্র হিসেবে কাজ করা।

৫. সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য পাঠাভ্যাস সৃষ্টি করা।

৬. সমসাময়িক ও অতীত (Current and retrospective) জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়ন ও প্রকাশ করা ।

৭. সরকারের তথ্য পরিবেশন কেন্দ্র হিসেবে কাজ করা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য তথ্য সরবরাহ করা।

৮. ইউনিয়ন ক্যাটালগ প্রণয়ন করা।

৯. ডিজিটাল সার্ভিস প্রদান করা।

**দায়িত্ব ও কার্যক্রম (Duties & Function)**

১. দেশের কপিরাইট আইনের (সংশোধিত-২০০৫ অনুযায়ী) লিগ্যাল ডিপোজিট ক্ষমতাবলে বাংলাদেশের ভৌগোলিক সীমানায় প্রকাশিত সমস্ত নতুন ও সৃজনশীল প্রকাশনা সংগ্রহ করা।

২. সৃজনশীল নতুন প্রকাশনার তথ্য সহযোগে নিয়মিতভাবে জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়ন, প্রকাশ ও বিতরণ করা এবং সেগুলো থেকে রেফারেন্স সেবা প্রদান করা।

৩. বাংলাদেশসহ বিশ্বের অন্যান্য দেশের জাতীয় গ্রন্থাগার, পেশাগত আন্তর্জাতিক সংস্থা ইত্যাদির সাথে যোগাযোগ রক্ষা করা এবং আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের জাতীয় তথ্যকেন্দ্র হিসেবে কাজ করা।

৪. ক্রয়, সৌজন্য, দান ইত্যাদি বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত গ্রন্থাগার সামগ্রী আধুনিক প্রযুক্তি ব্যবহার করে যথাযথ প্রক্রিয়াকরণ শেষে স্থায়ীভাবে সংরক্ষণ করা এবং দেশি-বিদেশি পাঠক ও গবেষকদের আধুনিক উপায়ে তথ্য সেবা নিশ্চিত করা।

৫. গ্রন্থাগার সামগ্রীর স্থায়ী সংরক্ষণ ও যুগোপযোগী ব্যবহারের লক্ষ্যে নির্বাচিত সংগ্রহকে ডিজিটাইজেশন করত সংশ্লিষ্ট পাঠক ও গবেষকদেরকে অনলাইন পদ্ধতিতে e-Learning তথ্যসেবা প্রদান এবং অটোমেশনের মাধ্যমে OPAC (Online Public Access Catalogue) প্রদান করা।

৬. লেমিনেশন, স্ক্যানিং, ডিজিটাইজেশন ইত্যাদির মাধ্যমে মূল্যবান গ্রন্থাগার সামগ্রী, দুষ্প্রাপ্য, ক্ষয়িষ্ণু বই, ম্যাপ, প্রকাশনা ও তথ্য সামগ্রীর দীর্ঘস্থায়ী সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ সুনিশ্চিত করা এবং একটি বৃহৎ ডিজিটাল রিপোজিটরি তৈরিসহ ডিজিটাল লাইব্রেরি তথ্যসেবা প্রদান করা।

৭. দেশের প্রকাশক/লেখকদের অনলাইনে ISBN প্রদান করা।

৮. পাঠক, গবেষক ও ব্যবহারকারীদের ইন্টারনেট সার্চিং ও ই-মেইল ব্রাউজিং সেবা প্রদান করা।

## সেবা ও উন্নয়নমূলক কার্যক্রম (Service & Development Activity)

বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার উল্লিখিত বাধ্যতামূলক কর্মকাণ্ডের পাশাপাশি নিম্নরূপ কার্যক্রম পরিচালনা করে-

১. বাংলাদেশের গ্রন্থাগার ও গ্রন্থাগার সেবা উন্নয়নে, গ্রন্থাগার বিষয়ক নীতি নির্ধারণে, পরিকল্পনা গ্রহণে সরকার এবং পেশাগত সংগঠনসমূহকে প্রয়োজনীয় তথ্যমূলক পরামর্শ/সহযোগিতা প্রদান করা।

২. জাতীয় পর্যায়ে সাংস্কৃতিক কর্মকাণ্ড ও বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ প্রদর্শনী, ওয়ার্কশপ, সেমিনার, আলোচনা সভা ও ডকুমেন্টারি ফিল্ম প্রদর্শনী ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা।

৩. আন্তর্জাতিক ক্ষেত্রে পেশাগত প্রতিনিধি হিসেবে বিভিন্ন পরিকল্পনা, সভা, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রমে বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার প্রতিনিধি তথা দেশের প্রতিনিধি হিসাবে অংশগ্রহণ করা।

৪. দেশের বিভিন্ন গ্রন্থাগারে কর্মরত গ্রন্থাগার পেশাজীবিদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৫. প্রবন্ধসূচি, প্রকাশক নির্দেশিকা ও ইউনিয়ন ক্যাটালগ ইত্যাদি প্রণয়ন ও প্রকাশ করা।

৬. তথ্যসেবা ও পরিচিতি বৃদ্ধির লক্ষ্যে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করা।

## পাঠকক্ষ ব্যবহারের নিয়মাবলী (Rules of Reading Room Use)

১. পাঠকক্ষ ব্যবহারের জন্য গ্রন্থাগারের সদস্যতা (Membership) আবশ্যক;

২. পাঠকক্ষে রক্ষিত রেজিষ্টারে নাম, কার্ড নম্বর ও তারিখ লিপিবদ্ধকরণ;

৩. শেলফ হতে পুস্তক গ্রহণ ও উত্তোলনে পাঠকক্ষ সহকারীর সহায়তা নিন;

৪. পুস্তক খুজতে পাঠকক্ষে রক্ষিত ক্যাটালগ দেখুন;

৫. প্রয়োজনীয় বইয়ের চাহিদা নির্ধারিত ফরমে লিখে পাঠকক্ষ সহকারীরকে দিন;

৬. প্রয়োজনীয় ফটোকপির চাহিদা নির্ধারিত ফরমে লিখে জমা দেয়ার পর ফটোকপি সেবা প্রদান করা হয়;

৭. চাহিদানুযায়ী স্ট্যাক থেকে (সকাল-১০.০০ টা হতে ০৩.০০ টা পর্যন্ত তথ্যসামগ্রী সরবরাহ করা হয়;

৮. পড়ার পর সংশ্লিষ্ট বই শেলফে উঠানো থেকে বিরত থাকা;

৯. অন্যের পাঠের সুবিধার্থে আপনার নিরবতা একান্ত কাম্য;

১০. নিজস্ব বই, পত্রপত্রিকা পাঠকক্ষে ব্যবহার না করা;

১১. বই ও পত্রপত্রিকার পাতা কাটা, ভাঁজ করা বা মুড়ানো ও পাতায় লেখালেখি থেকে বিরত থাকা;

১২. বই ও পত্রপত্রিকা অতি যত্নের সাথে নাড়া-চাড়া ও ব্যবহার করা;

১৩. জাতীয় গ্রন্থাগারের পাঠ্যসামগ্রী বাইরে ধার প্রদান করা হয় না বিধায় এ বিষয়ে অনুরোধ না করা;

১৪. সেবা সম্পর্কিত যেকোন গঠনমূলক পরামর্শ সাজেশন বক্সে রাখা;

১৫. জাতীয় গ্রন্থাগারের সম্মানিত সদস্য হিসেবে মার্জিত আচরণ করা;

১৬. কোভিড ১৯ এর কারণে স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরে আসুন ও সেবা গ্রহণ করুন।

## জাতীয় গ্রন্থাগারের সাধারণ তথ্যাবলি (General Information of National Library)

**প্রবেশাধিকার:** পাঠকক্ষসমূহ সকল ব্যবহারকারীর জন্য উন্মুক্ত। তবে প্রত্যেক ব্যবহারকারীর জন্য জাতীয় গ্রন্থাগারের মূল অভ্যর্থনা কাউন্টারে নিজের পরিচয় লিখন বাধ্যতামূলক। মূল সংরক্ষণাগার ও স্ট্যাকব্লকে ব্যবহারকারীদের প্রবেশাধিকার নেই। জরুরি প্রয়োজনে গবেষক/পাঠকদের সাধারণ প্রবেশাধিকার দেয়া হয়।

**গ্রন্থাগার সময়:** রবিবার হতে বৃহস্পতিবার-সকাল ৯.০০টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত জাতীয় গ্রন্থাগার খোলা থাকে। তবে, সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন জাতীয় গ্রন্থাগার বন্ধ থাকে।

**সদস্যপদ:** জাতীয় গ্রন্থাগারের নির্ধারিত সদস্য ফরম সংগ্রহ পূর্বক সাধারণ পাঠক ৫০/-(পঞ্চাশ) টাকা, গবেষক ১০০/- (একশত) টাকা এবং বিদেশী গবেষক ২০০/-(দুইশত) টাকা ফি জমা দিয়ে সদস্য হতে পারেন। প্রতিটি সদস্য কার্ডের মেয়াদকাল ০১(এক) বছর । ০১ (এক) বছর পর কেবল সাধারণ পাঠক ২৫/- টাকা এবং গবেষক ৫০/- টাকা জমা দিয়ে সদস্যপদ নবায়ন করা যায়।

**ফটোকপি সেবা:** পাঠক ও গবেষকদের সুবিধার্থে বই প্রতি পৃষ্ঠা ২/-, গেজেট প্রতি পৃষ্ঠা ৫/- ও পত্রিকা প্রতি পৃষ্ঠা ৫/-টাকা হারে ফি প্রদান সাপেক্ষে ফটোকপি সেবা গ্রহণ করা যায়।

**স্ক্যানিং ও প্রিন্টিং সেবা:** অতি পুরাতন ও দুষ্প্রাপ্য/দুর্লভ শ্রেণির তথ্যসামগ্রীর মধ্যে বইয়ের স্ক্যানিং ও প্রিন্টিং ফি প্রতি পৃষ্ঠা ৫/-টাকা, গেজেট প্রতি পৃষ্ঠা ১০/-টাকা ও পত্রিকা প্রতি পৃষ্ঠা ১০/- টাকা হারে ফি প্রদান করে স্ক্যানিং ও প্রিন্টিং সেবা গ্রহণ করা যায়।

ISBN **বরাদ্দ সেবা:** জাতীয় গ্রন্থাগার হতে অনলাইনে ISBN প্রদান করা হয়। প্রতি ISBN ফি ৫০/-(পঞ্চাশ টাকা)। এ বিষয়ে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের ওয়েবসাইটে(nanl.gov.bd) অথবা সরাসরি isbn.teletalk.com.bd এ বিস্তারিত দেখুন।

**অডিটোরিয়াম ভাড়া:** জাতীয় গ্রন্থাগারের সুসজ্জিত শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়ামটি পূর্ণ দিবস ১১৫০০/-(ভ্যাটসহ) এবং অর্ধ দিবস ৫৭৫০/-(ভ্যাটসহ) টাকা ভাড়া দেয়া হয়।

**তথ্যসামগ্রী ধার:** জাতীয় গ্রন্থাগারের বই, পত্রপত্রিকা, ম্যাগাজিন, জার্নাল ইত্যাদি তথ্যসামগ্রী সাধারণতঃ বাইরে ধার নেয়ার ব্যবস্থা নেই। তবে কোন গ্রন্থাগার, গবেষণা প্রতিষ্ঠান, সরকারি সংস্থা দাপ্তরিক প্রয়োজনে পরিচালক বরাবর লিখিত প্রক্রিয়ায় প্রয়োজনীয় তথ্যসামগ্রী সর্বোচ্চ ০৭(সাত) দিনের জন্য বিশেষ বিবেচনায় ধার নিতে পারেন।

## জাতীয় গ্রন্থাগারের সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ পদ্ধতি

**সংগ্রহ পদ্ধতি:** জাতীয় গ্রন্থাগারে পুস্তক/তথ্যসামগ্রী সংগ্রহের জন্য যে সকল পদ্ধতি অনুসরণ করা হয়-

**(১) সৌজন্য:** কপিরাইট আইন, ২০০০ (সংশোধিত-২০০৫) অনুযায়ী-

ক. দেশে যে কোন ভাষায় নতুন প্রকাশিত মৌলিক ও সৃজনশীল প্রতিটি বইয়ের ০১ কপি;

খ. দেশে প্রকাশিত প্রত্যেকটি সংবাদপত্রের ০১ কপি;

গ. দেশে প্রকাশিত প্রত্যেকটি সাময়িকী ও জার্নালের ০১ কপি;

ঘ. সরকারি সংস্থা কর্তৃক প্রকাশিত প্রতিটি প্রকাশনার ০১ কপি;

**(২) দান:** জাতীয় পর্যায়ের বুদ্ধিজীবি, লেখক, সাহিত্যিক, সংস্কৃতিকর্মী, পেশাজীবি বা বিখ্যাত ব্যক্তিত্বের জীবনী ও সাহিত্যকর্ম সম্পর্কিত কোন ব্যক্তিবর্গের বিশেষ সংগ্রহ অথবা কোন প্রতিষ্ঠানের বিশেষ সংগ্রহ;

**(৩) বিনিময়:** বিনিময় হিসেবে প্রাপ্ত প্রকাশনাসমূহের **প্রকৃতি ও ব্যবহারের** প্রয়োজনে স্থায়ী সংগ্রহের উপযোগিতা বিবেচনাপূর্বক সংগ্রহের অন্তর্ভূক্ত করা;

**(৪) ক্রয়:** জাতীয় গ্রন্থাগারের গবেষক ও পাঠকদের সামগ্রিক প্রয়োজনে ও জাতীয় ভিত্তিক সংগ্রহের বৈচিত্রতা বৃদ্ধির জন্য দেশি-বিদেশি বই, পত্র পত্রিকা, সাময়িকী ও জার্নাল ক্রয় করা;

**প্রক্রিয়াকরণ পদ্ধতি:** যে সকল প্রক্রিয়াকরণ অনুসরণ করা হয়-

ক. সংগ্রহের পর প্রতিটি বই ও তথ্যসামগ্রী যাচাই/বাছাই করা;

খ. বাছাইয়ের পর বইগুলো অ্যাকসেশন রেজিষ্টারে লিপিবদ্ধ করা;

গ. সংবাদপত্র/সাময়িকী/জার্নাল নির্ধারিত ফরমে লিপিবদ্ধ করা;

ঘ. প্রতিটি বইয়ে শ্রেণিকরণ নম্বর প্রদান করা;

ঙ. প্রতিটি বইয়ের ডাটা কোহা সফটওয়ারে এন্ট্রি করা;

চ. গ্রন্থাগার শাখায় এন্ট্রিকৃত বইগুলো পাঠকক্ষে প্রেরণ করা;

ছ. কোহা সফটওয়্যারে এন্ট্রিকৃত Excel ফাইল ডাউনলোড করা;

জ. কোহা সফটওয়্যারে এন্ট্রিকৃত বইয়ের ডিজিটাল ক্যাটালগগুলোর Excel ফাইলকে Word-ফাইলে রুপান্তর করা;

ঝ. ক্যাটালগগুলোকে বর্ণানুক্রমিক নিয়মে ফাইলিং করা;

ঞ. ক্যাটালগগুলোর প্রুফ দেখা;

ট. জাতীয় গ্রন্থপঞ্জির পাণ্ডুলিপি (খসড়া) তৈরি করা;

ঠ. জাতীয় গ্রন্থপঞ্জির পাণ্ডুলিপি (চূড়ান্ত) প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা;

**সংরক্ষণ পদ্ধতি:** যে সকল পদ্ধতি অনুসরণ করা হয়-

ক. একই শ্রেণি নম্বরের বইগুলো পৃথক করা;

খ. কপিরাইট আইনে সংগৃহীত বইগুলোতে নিজস্ব কোডিং নম্বর দেয়া;

গ. গ্রন্থাগার শাখায় সংগৃহীত বইগুলোর কিছু বই পড়ার জন্য পাঠকক্ষে দেয়া;

ঘ. অধিকাংশ বইগুলো স্ট্যাক ব্লকে নেয়া;

ঙ. গ্রন্থাগার শাখার বইগুলো শ্রেণি নম্বর অনুযায়ী স্ট্যাক ব্লকের শেলফে বিন্যাস করা;

চ. কপিরাইট আইনে সংগৃহীত বইগুলোতে নিজস্ব কোডিং নম্বর অনুযায়ী স্ট্যাক ব্লকের শেলফে বিন্যাস করা;

জ. স্ট্যাক ব্লকের শেলফে বিন্যাসকৃত বইগুলো নিয়মিত ঝাড়-মুছা ও পরিষ্কার-পরিচ্ছন্ন করা;

ঝ. স্ট্যাক ব্লকের শেলফে বিন্যাসকৃত বইগুলো নিয়মিত পুন:বিন্যাস করা;

ঞ. স্ট্যাক ব্লকের শেলফে নিয়মিত ন্যাপথলিন দেয়া;

ট. ছেঁড়া-ফাটা ও পাতা কাটা বইগুলো আলাদা করে মেরামত ও বাঁধাই করা;

ঠ. সংবাদপত্র ও সাময়িকী ধারবাহিকভাবে বাঁধাই করে রাখা;

**ডিজিটাল পদ্ধতি:** যে সকল পদ্ধতি অনুসরণ করা হয়-

ক. অতি পুরাতন বই, সাময়িকী ও  সংবাদপত্র দীর্ঘদিন সংরক্ষণের জন্য স্ক্যানিং করা;

খ. পুরাতন মানচিত্র ও এটলাস সংরক্ষণের জন্য স্ক্যানিং করে রাখা;

গ. দীর্ঘদিন সংরক্ষণের জন্য বিভিন্ন তথ্যসামগ্রী পর্যায়ক্রমে স্ক্যানিং করে ডিভিডি ও সার্ভারে রাখা;

ঘ. এছাড়াও কিছু কিছু তথ্যসামগ্রী ল্যামিনেশন ও মাইক্রোফিল্ম করে রাখা;

## গ্রন্থাগার ব্যবহারকারীদের জন্য সেবা নির্দেশিকা

### ক. জাতীয় গ্রন্থাগারে আগমনের উদ্দেশ্য-

১. নতুন ও সৃজনশীল পুস্তক জমাদানের উদ্দেশ্যে;

২. সেবা গ্রহীতাগণ বর্ণিত সেবা গ্রহণের উদ্দেশ্যে;

৩. স্থাপত্য ও ভবনের নির্মাণ শৈলীর দৃশ্য ধারণের উদ্দেশ্যে;

৪. লেখালেখি ও গবেষণা কর্মের সুবিধার্তে অতি পুরাতন ভলিউম থেকে তথ্য গ্রহণের উদ্দেশ্যে;

৫. উচ্চ আদালতে চলমান মামলা সংক্রান্ত দুর্লভ তথ্য সংগ্রহের উদ্দেশ্যে;

৬. তথ্যসামগ্রী সংরক্ষণ বিষয়ে (ডিজিটাল ও নন-ডিজিটাল) তথ্য জানার উদ্দেশ্যে;

**খ. জাতীয় গ্রন্থাগারে প্রবেশ-**

১. কোভিড-১৯ জনিত কারণে ভবনের মূল ফটকে বেসিন রয়েছে;

২. সাবান দিয়ে হাত ভালভাবে পরিস্কার করা;

৩. মূল ফটকে সংরক্ষিত জীবানুমুক্ত ট্রেতে পা মুছে প্রবেশ করা;

৪. স্বাস্থ্যবিধি মেনে অবশ্যই সেবাগ্রহীতাদের মাস্ক পরিধান করা;

৫. কাউন্টারে কর্তব্যরত ব্যক্তির নিকট থেকে শরীরের তাপমাত্রা পরিমাপ করা;

৬. শরীরের তাপমাত্রা আদর্শমানের বেশী হলে প্রবেশ না করা;

৭. এন্ট্রি রেজিস্ট্রারে নাম, ঠিকানা, কার্ড নম্বর, সময় ও মোবাইল নম্বর ও কি সেবার জন্য এসেছেন উল্লেখসহ স্বাক্ষর করা;

৮. কোন ব্যাগ (মোবাইল, মানিব্যাগ/পার্স ব্যতীত) থাকলে কাউন্টারে জমা রেখে টোকেন গ্রহণ করা;

৯. কোন বইপত্র (খাতা ব্যতীত) নিয়ে প্রবেশ না করা;

১০. প্রবেশের সময় কর্তব্যরত ব্যক্তির সহিত সদ্ব্যবহার করা;

**গ. সেবা গ্রহীতাকে চাহিদা অনুযায়ী সেবা প্রদান-**

১. ভিতরে প্রবেশ করে প্রথমেই সেবাগ্রহীতাগণ প্রদর্শিত সিটিজেন চার্টার দেখে নিবেন;

২. সংশ্লিষ্ট সেবা কোন তলায়, কত নম্বর কক্ষ হতে পাওয়া যাবে সে সম্পর্কে অবহিত হবেন;

৩. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী সম্পর্কে সম্যক অবগত হবেন;

৪. কি সেবার জন্য তিনি এসেছেন সে সম্পর্কে পুরোপুরি খুলে বলবেন ;

৫. প্রার্থিত সেবার ক্ষেত্রে কি করণীয় সে সম্পর্কে শাখা কর্মকর্তা বিস্তারিত জানাবেন;

৬. সংশ্লিষ্ট শাখা থেকে যথাসময়ে প্রার্থিত সেবা প্রদান করা;

## ঘ. সংশ্লিষ্ট সেবা প্রাপ্তি/অপ্রাপ্তি সম্পর্কে অভিব্যক্তি প্রকাশ-

১. সংশ্লিষ্ট সেবা প্রাপ্তি সম্পর্কে সেবাগ্রহীতার সন্তুষ্টি প্রকাশ;

২. সংশ্লিষ্ট সেবা অপ্রাপ্তি সম্পর্কে সেবাগ্রহীতার অসন্তুষ্টি প্রকাশ;

৩. সেবা প্রদান বিষয়ে সেবাগ্রহীতার সুচিন্তিত মতামত প্রকাশ;

## ঙ. প্রার্থিত সেবা প্রদানে প্রতিষ্ঠানের/আমাদের করণীয়-

| ক্র. নং | প্রদত্ত সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | ISBNসেবা | isbn.teletalk.com.bd তে রেজিস্ট্রেশন, ছবি, জাতীয় পরিচয়পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ISBN এর আবেদন ওফি ৫০টাকা প্রাপ্তি সাপেক্ষে ISBN বরাদ্দ প্রদান করা হয়। | মোঃ জামাল উদ্দিন<br>চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক<br>ফোন: ৪৮১১৪৩৩১<br>নিচতলা (পূর্ব) |
| ০২. | পাঠক সেবা (বাংলা, ইংরেজি ও পত্রিকা) | নিয়মিত তথ্য ও গবেষণা সেবা পেতে সদস্যতা প্রাপ্তি সাপেক্ষে পাঠক সেবা প্রদান করা হয়। | মোঃ নাজমুস শাহাদৎ<br>সহকারী গ্রন্থাগার পরিচালক<br>ফোন: ০১৬৮৭৩৪৯০২১<br>২য় তলা (উত্তর) |
| ০৩. | পুস্তকাদি ও পত্র পত্রিকার রেফারেন্স সেবা | নিয়মিত তথ্য ও গবেষণা সেবা পেতে সদস্যতা, প্রাতিষ্ঠানিক অনুরোধপত্র প্রাপ্তি সাপেক্ষে পুস্তকাদি ও পত্র পত্রিকার রেফারেন্স সেবা প্রদান করা হয়। | মুহাম্মদ মুসলিম উদ্দিন<br>বিবলিওগ্রাফার (প্রকা. ও রেফা.)<br>ফোন: ০১৭৫৪৪৭৮৬৭১<br>নিচতলা (পূর্ব) |
| ০৪. | জাতীয় গ্রন্থপঞ্জিমূলক সেবা | আবেদনপত্র/প্রাতিষ্ঠানিক অনুরোধপত্র প্রাপ্তি সাপেক্ষে জাতীয় গ্রন্থপঞ্জিমূলক সেবা প্রদান করা হয়। | মোঃ আবু দাউদ<br>বিবলিওগ্রাফার (সংকলন)<br>ফোন: ০১৭১৪-৫৬৮১৫১<br>নিচতলা (পূর্ব) |
| ০৫. | ফটোকপি সেবা | চাহিদা ফরমে পৃষ্ঠা সংখ্যা ও সরকার নির্ধারিত ফি (ক) বই প্রতি পৃষ্ঠা- ০২ টাকা, (খ) রেকর্ড প্রতি পৃষ্ঠা-০৩টাকা ও পত্রিকা প্রতি পৃষ্ঠা-০৫ টাকা প্রাপ্তি সাপেক্ষে ফটোকপি সেবা প্রদান করা হয়। | মোঃ নাজমুস শাহাদৎ<br>সহকারী গ্রন্থাগার পরিচালক<br>ফোন: ০১৬৮৭৩৪৯০২১<br>২য় তলা (উত্তর) |
| ০৬. | স্ক্যানিং ও প্রিন্টিংসেবা | চাহিদা ফরমে পৃষ্ঠা সংখ্যা ও সরকার নির্ধারিত ফি (ক) বই প্রতি পৃষ্ঠা- ০৫ টাকা ও (খ) পত্রিকা প্রতি পৃষ্ঠা-১০ টাকা প্রাপ্তি সাপেক্ষে স্ক্যানিং ও প্রিন্টিংসেবা প্রদান করা হয়। | মোঃ নাজমুস শাহাদৎ<br>সহকারী গ্রন্থাগার পরিচালক<br>ফোন: ০১৬৮৭৩৪৯০২১<br>২য় তলা (উত্তর) |
| ০৭. | মেম্বারশীপ প্রদান | সদস্য ফরম সংগ্রহ, গেজেটেড কর্মকর্তা/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়ন, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, কিশোরদের ক্ষেত্রে পরিচয়পত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি প্রাপ্তি সাপেক্ষে মেম্বারশীপ প্রদান করা হয়। | মোঃ নাজমুস শাহাদৎ<br>সহকারী গ্রন্থাগার পরিচালক<br>ফোন: ০১৬৮৭৩৪৯০২১<br>২য় তলা (উত্তর) |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | অডিটোরিয়াম ভাড়া | জাতীয় পরিচয়পত্রের কপি, পুলিশকে অবহিতকরণ কপি ও সরকার নির্ধারিত ফি (১) অর্ধদিবসের জন্য-৫৭৫০/- (১৫% ভ্যাটসহ) (২) পূর্ণ দিবসের জন্য-১১৫০০/- (১৫% ভ্যাটসহ) জমাদানের চালান কপি প্রাপ্তি সাপেক্ষে অডিটোরিয়াম ভাড়া প্রদান করা হয়; | মোঃ জামাল উদ্দিন<br>চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক<br>ফোন: ৪৮১১৪৩৩১<br>নিচতলা (পূর্ব) |
| ০৯. | পরিদর্শন সেবা | আগ্রহী প্রতিষ্ঠান থেকে নিজস্ব প্যাডে আবেদন প্রাপ্তি সাপেক্ষে পরিদর্শন সেবা প্রদান করা হয়। | মোঃ জামাল উদ্দিন<br>চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক<br>ফোন: ৪৮১১৪৩৩১<br>নিচতলা (পূর্ব) |
| ১০. | পরামর্শ সেবা | পরামর্শ সেবার অনুরোধপত্র ও কী ধরনের কাজ করতে হবে তার আবেদন প্রাপ্তি সাপেক্ষে পরামর্শ সেবা প্রদান করা হয়। | মোঃ জামাল উদ্দিন<br>চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক<br>ফোন: ৪৮১১৪৩৩১<br>নিচতলা (পূর্ব) |

## জাতীয় গ্রন্থাগার প্রদত্ত সেবাসমূহ

**পাঠকক্ষ সেবা:** বাংলা ও ইংরেজি ভাষার গ্রন্থের জন্য পৃথক দুটি সুপরিসর ও শীতাতপ নিয়ন্ত্রিত পাঠকক্ষ রয়েছে। এছাড়াও সংবাদপত্রের জন্য অপর একটি পাঠকক্ষ রয়েছে। পাঠক/গবেষকের প্রয়োজনীয় গ্রন্থ পাঠকক্ষে না থাকলে তথ্য সামগ্রী চাহিদা অনুযায়ী স্ট্যাক থেকে সরবরাহ করা হয় ।

**গবেষণা ও রেফারেন্স সেবা:** শিক্ষা, গবেষণা বা দাপ্তরিক প্রয়োজনে প্রশাসন, নীতি নির্ধারক, পেশাজীবী, পাঠক, দেশি- বিদেশি প্রতিস্থান এবং বিভিন্ন দপ্তরকে রেফারেন্স সেবা প্রদান করা হয়।

**জাতীয় গ্রন্থপঞ্জি সেবা:** বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে কপিরাইট আইনে বাংলাদেশে প্রকাশিত সকল মৌলিক ও সৃজনশীল প্রকাশনার সমন্বয়ে প্রতিবছর জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়নপূর্বক গ্রন্থপঞ্জিগত সেবা প্রদান করা হয়। জাতীয় গ্রন্থপঞ্জি একটি দেশের প্রকাশনা সামগ্রীর বিশ্বস্ত দলিল।

**ISBN বরাদ্দ সেবা:** দেশের প্রকাশনার দেশ বিদেশে পরিচিতি বৃদ্ধির লক্ষ্যে ISBN বরাদ্দ দেয়া হয়। বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার দেশে National ISBN Agency হিসাবে কাজ করে।

**ফটোকপি/রিপ্রোগ্রাফিক ও স্ক্যানিং/প্রিন্টিং সেবা:** ব্যবহারকারীদের গবেষণার প্রয়োজনে বিভিন্ন তথ্য সামগ্রীর ফটোকপি বা রিপ্রোগ্রাফিক এবাং স্ক্যানিং/প্রিন্টিং সেবা প্রদান করা হয়। বই প্রতি পৃষ্ঠা ২/-(দুই) টাকা, গেজেট প্রতি পৃষ্ঠা ২/-(দুই) টাকা, সমসাময়িক সংবাদপত্র প্রতি ইমেজ ৫/-(পাঁচ) টাকা এবং স্ক্যানিং/প্রিন্টিং ১০/-(দশ) টাকা হারে সীমিত পরিমাণে ফটোকপি ও স্ক্যানিং/প্রিন্টিং সুবিধা প্রদান করা হয়। বাঁধাইকৃত সংবাদপত্র, গেজেট এবং দু্প্রাপ্য গ্রন্থের ফটোকপি দেয়া হয় না।

**ম্যাপ তথ্যসেবা:** গবেষকগণ গবেষণা কাজের প্রয়োজনে জাতীয় গ্রন্থাগারে ম্যাপ ব্যবহারের সুবিধা পেয়ে থাকেন।

**ইন্টারনেট ও OPAC সেবা:** জাতীয় গ্রন্থাগারের গবেষক ও পাঠকদেরকে বিনামূল্যে ওয়াই ফাই সুবিধাসহ ইন্টারনেট ব্রাউজিং ও ই-মেইল সার্চিং সুবিধা প্রদান করা হয়। জাতীয় গ্রন্থাগারের ওয়েবসাইট ব্যবহার করে অনলাইন পাবলিক অ্যাকসেস ক্যাটালগ (OPAC) সুবিধা পাওয়া যায়।

**অডিটোরিয়াম ব্যবহার সুবিধা:** সরকারের নির্ধারিত ফি-এর বিনিময়ে জাতীয় গ্রন্থাগার ভবনের নিচতলায় অবস্থিত ৩০০ আসন বিশিষ্ট সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম ভাড়ায় ব্যবহার সুবিধা দেয়া হয়।

**প্রদর্শনী গ্যালারি:** সরকারের বিভিন্ন পর্যায়ের জাতীয় অনুষ্ঠান ও প্রদর্শনী করার জন্য জাতীয় গ্রন্থাগারের ৩২০০ বর্গফুটের একটি প্রদর্শনী গ্যালারি রয়েছে। বিভিন্ন জাতীয় দিবসে সপ্তাহ/পক্ষকালব্যাপী সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

**বঙ্গবন্ধু কর্নার:** সম্প্রতি জাতীয় গ্রন্থাগারে বঙ্গবন্ধু কর্নার চালু করা হয়েছে যেখানে বঙ্গবন্ধু সংক্রান্ত বই, পত্রিকা, ছবি ও অন্যান্য দুষ্প্রাপ্য ডকুমেন্ট রয়েছে।

**চিলড্রেন কর্নার:** শিশুদের উপযোগী বই-পুস্তকের সমন্বয়ে চিলড্রেন কর্নার চালু করা হয়েছে।

## জাতীয় গ্রন্থাগার সংগ্রহের ধরণ

১. কপিরাইট আইনে দেশের বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল মুদ্রিত উপাদান

২. ক্রয়কৃত দেশীয় বই, পত্র-পত্রিকা

৩. ক্রয়কৃত বিদেশী বিশ্বমানের বই

৪. জাতীয়, আঞ্চলিক পত্র-পত্রিকা ও সাময়িকী

৫. জাতীয় গ্রন্থাগারে ট্রাস্টেড দানকৃত সংগ্রহ

৬. সরকারি প্রকাশনা- ১৯০০ সাল থেকে

৭. কলকাতা গেজেট- ১৮০০ সাল থেকে

৮. পাকিস্তান ও বাংলাদেশ গেজেট

৯. পুরাতন ডিস্ট্রিক্ট গেজেটিয়ার

১০. দুর্লভ বই-পুস্তকের সংগ্রহ

১১. বিভিন্ন ধরনের পাণ্ডুলিপি

১২. উল্লেখযোগ্য সংখ্যক উর্দু, ফার্সি ও আরবি পুস্তকের সংগ্রহ।

## জাতীয় গ্রন্থাগার অবকাঠামো

| | |
|---|---|
| ক. প্রাঙ্গণসহ জাতীয় গ্রন্থাগার ভবনের সর্বমোট জায়গা | ২.৩৬ একর |
| খ. মূল ভবনের সর্বমোট জায়গা | ১০৪৮৮০ বর্গফুট |
| গ. ভবনের কার্পেট এরিয়া | ৬১৫৫৫ বর্গফুট |
| ঘ. শীতাতপ নিয়ন্ত্রিত ৭ তলা বিশিষ্ট স্ট্যাক ব্লক | ৪৮২২৩ বর্গফুট |
| ঙ. ৩টি পাঠকক্ষ | ৮০০০ বর্গফুট |
| চ. প্রদর্শনী গ্যালারি | ৩২০০ বর্গফুট |
| ছ. শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম | ৩০০ আসন বিশিষ্ট |

## দুষ্প্রাপ্য বই

ক) আলালের ঘরের দুলাল/ শ্রী টেকচাঁদ ঠাকুর, ১২৬৫ সন;

খ) ময়মনসিংহের বিবরণ/ কেদারনাথ মজুমদার, ১৯০৭ সাল;

গ) রাজবালা/ রামকৃষ্ণ মুখোপাধ্যায়, ১২৭৭ সন;

ঘ) বঙ্গাদেশের বিশেষ বিবরণ/ শশীভূষণ চট্টোপাধ্যায়, ১৯০২ সাল;

ঙ) নব চরিত/ রজনীকান্ত গুপ্ত, ১২৯৩ সন;

চ) ইউছুফ জুলেখা;

ছ) হাতে লেখা পবিত্র কোরআন শরীফ, ১৭৫২ সাল;

## পাণ্ডুলিপি

ক) মনসামঙ্গল কাব্যের পাণ্ডুলিপি;

খ) পাঠোদ্ধার সম্ভব হয়নি এমন পাণ্ডুলিপির সংখ্যা শতাধিক;

## জাতীয় গ্রন্থাগারের ২৪ ক্যাটগরির সংগ্রহ

নথিপত্রের রেকর্ড অনুযায়ী বর্তমানে ন্যাশনাল লাইব্রেরিতে (স্বাধীনতাপূর্ব সেন্ট্রাল লাইব্রেরি) জাতীয় সংগ্রহ সম্ভারের যাত্রা শুরু হয় ১৯৬৮ সালে। সে হিসাবে ন্যাশনাল লাইব্রেরির সংগ্রহ সম্ভারের সময়কাল ৪৪ বছর। এই দীর্ঘ সময়ে অনেক চড়াই উৎরাই পেরিয়ে বর্তমানে যে অবস্থায় পৌঁছেছে এই সংকলন মূলত: তারই প্রতিবিম্ব।

### ০১. কপিরাইট সংগ্রহ

মেধা/বুদ্ধিবৃত্তিক মুদ্রিতকর্ম জাতির সবচেয়ে মূল্যবান ও গুরুত্বপূর্ণ সম্পদ। একটি জাতির নাগরিকদের সম্মিলিত মেধাই মূলত: জাতির মেধা। ইউনেস্কোর আহবানে বিশ্বের সকল জাতিগোষ্ঠীর মেধাকর্ম সাংস্কৃতিক সম্পদ বিবেচনায় সেগুলো সংগ্রহ ও দীর্ঘস্থায়ী সংরক্ষণে গুরুত্ব আরোপ করা হয়। তৎপ্রেক্ষিতে তৎকালীন সরকার মুদ্রিত মেধাকর্ম সংগ্রহ ও সংরক্ষণের সুবিধার্থে দেশের ন্যাশনাল লাইব্রেরির অংশ হিসাবে ১৯৬৮ সালে ঢাকায় সেন্ট্রাল লাইব্রেরি প্রতিষ্ঠা করে। দেশের কপিরাইট আইনের বাধ্যতামূলক প্রকাশনা জমাদানবিধির আওতায় ১৯৬৮ সাল থেকে দেশের পূর্বভূখন্ডে(বর্তমান বাংলাদেশ) প্রকাশিত সকল নতুন বই ও পত্রপত্রিকা সংগ্রহ শুরু করে। মূলত: স্বাধীনতার পর ঢাকা সেন্ট্রাল লাইব্রেরি বাংলাদেশের ন্যাশনাল লাইব্রেরি নামে ঘোষিত হয়। ১৯৬৮ থেকে সাল অনুযায়ী বইগুলো স্ট্যাক বÙকের শেলফে সাজানো রয়েছে।

### ০২. সরকারি প্রকাশনা (সচিবালয় সংগ্রহ)

এটি স্বাধীনত্তোর বাংলাদেশের সরকারি পরিসংখ্যান, সিদ্ধান্ত, মেমোরান্ডাম, কমিশন রির্পোট, সার্ভে রির্পোট ও প্রতিবেদন ইত্যাদি বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার থেকে সংগৃহীত হয়েছে। বর্তমানে এগুলোর লাইব্রেরি ভিত্তিক কোহা সফটওয়ারে ডাটা এন্ট্রির কাজ চলমান রয়েছে। ডাটা এন্ট্রির কাজ শেষ হলে সংশ্লি®ষ্ট সকলের অধিক ব্যবহার সুবিধা নিশ্চিত করা সম্ভব হবে।

## ০৩. ইংরেজী (বিদেশী) বই

বাংলাদেশে শিক্ষা ও গবেষণা কার্যক্রম সময়োপযোগিকরণ এবং উন্নয়নে দেশীয় বই ও পত্রপত্রিকার পাশাপাশি বহির্বিশ্বে প্রতিনিয়ত মানব জ্ঞানের বিভিন্ন শাখার উপর প্রথম প্রকাশিত বইপত্রের গুরুত্ব অপরিসীম। দেশের বিশ্ববিদ্যালয়সমূহে বিদেশী বইপত্রের ব্যবহার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও গবেষকদের মধ্যে সীমিত। পৃথিবীর বিশ্ববিখ্যাত প্রকাশনা সংস্থা কর্তৃক প্রথম প্রকাশিত প্রতিনিধিত্বমূলক গবেষণাধর্মী বইপত্র ন্যাশনাল লাইব্রেরি কর্তৃক কেন্দ্রীয়ভাবে সংগ্রহ করে সংশ্লি®ষ্ট সকলের সমব্যবহার সুবিধা নিশ্চিত করা থাকে।এজন্যই তৃতীয় বিশ্বে ন্যাশনাল লাইব্রেরিকে বিদেশী বইসমূহের মরুদ্যান(ঙধংরং) বলা হয়। ন্যাশনাল লাইব্রেরিতে ১৯৯৫ সাল থেকে বিদেশী বই ক্রয়ের কার্যক্রম চলছে। এই সংগ্রহের বিশেষত্ব হলো বিখ্যাত প্রকাশনা সংস্থার কেবল চলতি বৎসরে প্রকাশিত গুরুত্বর্পূণ বই (সংস্করণ, পুন:মুদ্রণ ব্যতীত) সংগ্রহ করা হয়। এ সকল বই ক্রয়ে সরকার বাৎসরিক ভিত্তিতে অর্থ বরাদ্দ দিয়ে থাকে।

## ০৪. বাংলা (দেশী) বই

দেশী বাংলা বই সরকারি অর্থে ক্রয়, সৌজন্য, দান ও বিভিন্ন উৎসের মাধ্যমে সংগৃহীত হয়ে থাকে। ন্যাশনাল লাইব্রেরিতে বাংলা বইয়ের একটি উল্লেখযোগ্য সংগ্রহ বিদ্যমান রয়েছে। বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতিসহ জ্ঞান বিজ্ঞানের সকল শাখার বই এই সংগ্রহের অংশ।

## ০৫. ডিস্ট্রিক্ট গেজেটিয়ার (পুরাতন)

অবিভক্ত বাংলার বিভিন্ন জেলার ইতিহাস, স্থাপত্য, পুরার্কীতি, জীবনযাপন পদ্ধতি, শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা, সমাজব্যবস্থা ও ক্রমবিবর্তন ইত্যাদি বিষয়ে নানা তথ্য উপাত্ত সম্বলিত পুরাতন ডিস্ট্রিক গেজেটিয়ার লাইব্রেরির সংগ্রহে রয়েছে। এগুলো গবেষক, ইতিহাসবিশারদ ও সাহিত্যিকের সাহিত্যকর্মের অমূল্য উপাদান।

## ০৬. বাংলাদেশ গেজেট

মহান স্বাধীনতা লাভের পর ধারাবাহিকভাবে বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়(বি,জি,প্রেস) থেকে মূলত: সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/বিভাগ কর্তৃক বিজি প্রেস মাধ্যমে প্রকাশিত বাংলাদেশ গেজেট এবং গেজেটের অতিরিক্ত সংখ্যা উত্তমরুপে বাঁধাই করে রেফারেন্স সেবা গ্রহনকারীদের জন্য ব্যবহার উপযোগিভাবে সংরক্ষণ করা হয়ে থাকে। গেজেটগুলোতে সমসাময়িক সময়ে সরকারের বিভিন্ন ঘোষণা, আদেশ, প্রতিবেদন, বিজ্ঞপ্তি, রায়, সিদ্ধান্ত ও নীতিমালাসমূহের প্রতিফলন ঘটে থাকে।

## ০৭. বৃটিশ আমলের গেজেট

ভারতীয় উপমহাদেশে বৃটিশ শাসনামলের অনেক গুরুত্বর্পূণ গেজেট ন্যাশনাল লাইব্রেরির তথ্যসেবাদানের একটি মৌলিক উপাদান হিসেবে বিবেচিত হয়ে আসছে। ১৮৩০ সাল থেকে এই সংগ্রহগুলো অতি চমৎকারভাবে বাঁধাইকৃত অবস্থায় সংরক্ষণ করা আছে।

## ০৮. মুক্তিযুদ্ধ ভিত্তিক সংগ্রহ

স্বাধীনতা সংগ্রাম, মহান মুক্তিযুদ্ধ, জাতির পিতা, স্বাধীনতা লাভ ইত্যাদি বিষয়ে দেশি-বিদেশী পুস্তকের পাশাপাশি ১৯৭১সালে দেশে-বিদেশে বাংলা, ইংরেজি, হিন্দি, উর্দু ভাষায় প্রকাশিত বিভিন্ন পত্রপত্রিকা, ম্যাগাজিন ইত্যাদি তথ্যসামগ্রী সংরক্ষিত আছে। এগুলো সংশ্লি®ষ্ট গবেষকদের গবেষণা কাজে সহায়ক।

## ০৯. বাঁধাইকৃত বিদেশী সাময়িকী (ক্রয়)

বাঁধাইকৃত বিদেশী সাময়িকী (ক্রয়) পাঠক ও গবেষকদের নিকট একটি গুরুত্বপূর্ণ গ্রন্থাগার সামগ্রি হিসেবে বিবেচিত হওয়ার কারণে প্রতিষ্ঠালগ্ন থেকে এগুলো সংরক্ষণ করা হচ্ছে।

**১০. দুষপ্রাপ্য বই (রেয়ার বুক)**

দুষপ্রাপ্য গ্রন্থের একটি বিশাল সমাহার ন্যাশনাল লাইব্রেরিতে সংরক্ষিত আছে। ১০০/১৫০ বৎসর পূর্বের বাংলা সাহিত্য ও সংস্কৃতির মূল্যবোধসম্পন্ন মৌলিক গবেষণালদ্ধ জ্ঞানের নিমিত্তে পাঠক ও গবেষকদের জন্য শত বছরের পুরনো উক্ত দুষপ্রাপ্য গ্রন্থসমূহ সযতেŔ সংরক্ষণ করে রাখা হয়েছে।

**১১. সরকারী প্রকাশনা (মন্ত্রণালয়/ বিভাগ ভিত্তিক)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ নিয়মিতভাবে তাদের কর্মকাŇ সম্পর্কিত নিজস্ব প্রকাশনা প্রকাশ ও বিতরণ করে থাকে। এরই ধারাবাহিকতায় ন্যাশনাল লাইব্রেরিতে যে সকল প্রকাশনা প্রেরণ করে থাকে সেই সকল প্রকাশনাগুলো মন্ত্রণালয়ভিত্তিকভাবে সংরক্ষণ করে রাখা হয়।

**১২. দৈনিক সংবাদপত্র (বৃটিশ আমল)**

ন্যাশনাল লাইব্রেরিতে গত ১০০ বৎসরের পুরাতন আন্তর্জাতিকভাবে গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি ইংরেজি দৈনিক পত্রিকা সংরক্ষিত আছে। সংবাদপত্রগুলো পাঠক ও গবেষকদের নিকট তাদের গবেষণাকমের্র খুবই প্রয়োজনীয় একটি তথ্যসামগ্রি হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। উক্ত সংবাদপত্রগুলোর মধ্যে প্রায় অর্ধেকের স্ক্যানিং কাজ শেষ করা হয়েছে।

**১৩. বিশেষ সংগ্রহ (দানকৃত)**

বিশেষ সংগ্রহের আওতায় রয়েছে দেশের স্বনামধন্য ও জাতীয় বরেণ্য ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সংগ্রহ/ট্রাষ্টেড সংগ্রহ (যেমন- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার স্বপ্নদ্রষ্টা টাঙ্গাইলের কৃতিপুরুষ ধনবাড়ীর জমিদার নওয়াব আলী চৌধুরী, বাংলাদেশের বিশিষ্ট শিক্ষাবিদ, গবেষক ও ভাষাবিদ ড. মুহম্মদ শহীদুল্ল®াহর সংগ্রহ, ময়মনসিংহ মৌলিক শিক্ষা একাডেমীর সংগ্রহ, খন্দকার লাইব্রেরির সংগ্রহ ও অন্যান্য) রয়েছে।

**১৪. পান্ডুলিপি ও পুঁথি**

জ্ঞানসমৃদ্ধ মৌলিক বইয়ের আকড় হল পান্ডুলিপি। বিভিন্ন ভাষায় প্রকাশিত বিভিন্ন সময়ের উল্লেখযোগ্য সংখ্যক পান্ডুলিপি ও পুঁথি সযতেŔন্যাশনাল লাইব্রেরিতে সংশ্লিষ্ট গবেষক/ শিক্ষাথীদের ব্যবহারের জন্য সংরক্ষিত আছে।

**১৫. দেশ ভিত্তিক সংগ্রহ**

ন্যাশনাল লাইব্রেরি বিশ্বের বিভিন্ন দেশের সংস্কৃতি, সমাজচিত্র, সাহিত্য, ঐতিহ্য, ইতিহাস পরিচিতি, ভ্রমণ আকর্ষণ, স্থাপত্য নিদর্শন, আকর্ষণীয় দিক, সমসাময়িক তথ্য সম্বলিত দেশভিত্তিক বই/প্রকাশনা ইত্যাদি ক্রয়/সৌজন্য এর মাধ্যমে সংগৃহীত হয়ে থাকে। বিশ্বের বিভিন্ন দেশের সে সকল প্রকাশনা সহযোগে দেশভিত্তিক একটি সংগ্রহ গড়ে উঠেছে। এ সংগ্রহে রয়েছে ভারত, কোরিয়া, চীন, জাপান, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, সুইডেন ইত্যাদি দেশের দেশভিত্তিক বই।

**১৬. মানচিত্র ও এটলাস সংগ্রহ**

মানচিত্রের এক বিশাল সংগ্রহ রয়েছে ন্যাশনাল লাইব্রেরিতে। দু¯প্রাপ্য ও ক্ষয়িষ্ণু বই ও তথ্যসামগ্রী সংগ্রহের পাশাপাশি দেশের বিভিন্ন অঞ্চল/প্রতিষ্ঠান থেকে ক্রমান্বয়ে সংগৃহীত হয় মানচিত্রসমূহ। কালের স্রোতে হারিয়ে যাওয়া জনপথের ভৌগোলিক সীমারেখা, রাজনৈতিক ও প্রশাসনিক কাঠামো পরিচয়দানকারী এ সকল মানচিত্র সংশ্লি®ষ্ট শিক্ষার্থী/গবেষকদের নিকট এখন খুবই দুর্লভ। এ সংগ্রহে রয়েছে শত বছরের পুরাতন জেলা/মহকুমা ও থানাভিত্তিক মূল মানচিত্র।

**১৭. নিউজ ক্লিপিংস**

বাংলাদেশের স্বার্থ-সংশ্লিষ্ট দেশী-বিদেশী বিভিন্ন দৈনিক পত্রিকার গুরুত্বপূর্ণ সংবাদ, তথ্য-উপাত্ত ও প্রতিবেদন কাটিং করে পৃথক পৃথক নথিতে রাখা আছে। কাটিংগুলো বাংলাদেশের স্বাধীনতার সংগ্রামের সময়কালের। এগুলো এখন পর্যন্ত প্রথাগতভাবে সংরক্ষণ করা হচ্ছে। দীর্ঘস্থায়ী সংরক্ষণের জন্য সেগুলো যথাযথ প্রক্রিয়াধীন আনা জরুরি।

**১৮. পুরাতন দৈনিক পত্রিকা**

জাতীয় সংগ্রহসম্ভারে পত্রপত্রিকা দীর্ঘস্থায়ীভাবে সংরক্ষণ সুবিধা থাকায় ন্যাশনাল লাইব্রেরিতে দেশের যে সকল পত্রপত্রিকা নিয়মিতভাবে সংগৃহীত হয় সেগুলো ধারাবাহিকভাবে বাধাঁই করে সংরক্ষণ করা হয়। গবেষক ও রেফারেন্স সেবা গ্রহণকারীদেরকে বিশেষ ব্যবস্থায় ব্যবহার সুবিধা প্রদান করা হয়ে থাকে। ১৯৫৮ সাল থেকে ধারাবাহিকভাবে বিভিন্ন দৈনিক পত্রিকা বাঁধাইকৃত অবস্থায় বিশেষভাবে সংরক্ষণ করা হয়ে থাকে। জুলাই, ২০১৬ পর্যন্ত ৩০৬৭ ভলিয়ুম বাঁধাইকৃত সংবাদপত্রের ডাটা এন্ট্রি সম্পন্ন। বর্তমানে ঘরে বসেই এসব পত্রিকার তালিকা সার্চ করা সম্ভব।

**১৯. পুরাতন সাময়িকী**

প্রতিষ্ঠানলগ্ন থেকে এ পর্যন্ত লাইব্রেরিতে প্রাপ্ত সকল প্রকার সাময়িকী বাঁধাই করে রাখা আছে। বাংলাদেশের বিভিন্ন সময়ের সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, দ্বিমাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক বৈচিত্রধর্মী সাময়িকী বাঁধাই করে সংরক্ষণ করা হয়।

**২০. এশিয়ান উন্নয়ন ব্যাংক (এডিবি) সংগ্রহ**

এশিয়া মহাদেশের বিভিন্ন দেশের আথর্-সামাজিক উন্নয়নের অংশীদার হিসেবে আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান তথা এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক তাদের কর্মকান্ড, পরিকল্পনা, নীতিমালা কর্ম-কৌশলের উপর বিভিন্ন প্রকাশনা প্রকাশ করে থাকে এবং এশিয়ার সকল সদস্য রাষ্ট্রের একটি সুনির্দিষ্ট লাইব্রেরি/তথ্যকেন্দ্রকে সদস্য মর্যাদা দিয়ে থাকে। সংশ্লিষ্ট সদস্য প্রতিষ্ঠান সেগুলো সংশ্লিষ্ট শিক্ষার্থী/গবেষকদের জন্য সহজলভ্য করে থাকে। বাংলাদেশের ঐ সদস্য প্রতিষ্ঠানের নাম হলো বাংলাদেশ ন্যাশনাল লাইব্রেরি। এ সংগ্রহে মূলত:এডিবির বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট তথ্য ও প্রকাশনাসমূহ সংরক্ষিত হয়।

**২১. থিসিস ডিজারটেশন পত্রাদি**

ন্যাশনাল লাইব্রেরি জাতীয় সংগ্রহসম্ভার রক্ষণাবেক্ষণ করে এই বিবেচনায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণারতদের অনেকেই তাদের ডিজারটেশন সংরক্ষনের জন্য লাইব্রেরিতে জমা দেয়। তাছাড়া বিভিন্ন বরেন্য ও জাতীয় পর্যায়ের ব্যক্তিত্বের উল্লেখযোগ্য চিঠিপত্র সংরক্ষণে রয়েছে যা গবেষকদের জন্য গুরুত্বপূণ

**২২. বই ব্যতীত কপিরাইট আইনে অন্যান্য প্রকাশনা**

বই ও পত্রপত্রিকা ছাড়াও বাৎসরিক ভিত্তিতে বিভিন্ন প্রকার তথ্যসামগ্রী যেমন-সাংস্কৃতিক, শিক্ষা, গবেষণামূলক প্রতিষ্ঠানের স্মরণিকা, বার্ষিক প্রতিবেদন, কর্মকান্ডের বিশেষ প্রতিবেদন ও প্রতিষ্ঠান ভিত্তিক উন্নয়ন প্রচেষ্টা ইত্যাদি বেসরকারি-সরকারি প্রকাশনাসমূহ সংরক্ষিত হয়ে থাকে ।

**২৩. ন্যাশনাল লাইব্রেরি প্রকাশনা**

১৯৭২ সাল থেকে বাংলাদেশ ন্যাশনাল লাইব্রেরি তার বাধ্যতামূলক দায়-দায়িত্ব পালন শুরু করে। দায়িত্বপালনের শুরু থেকে ২০১১ পর্যন্ত যে সকল জাতীয় গ্রন্থপঞ্জি, প্রবন্ধসূচী, প্রকাশক নির্দেশনা, গাইডবই সংকলন ও প্রকাশ করেছে সেগুলো একত্রিত করে শেলফে রাখা হয়েছে।

**২৪. বাংলা ও ইংরেজি ব্যতীত অন্যান্য বিদেশী ভাষার সংগ্রহ**

বাংলা ও ইংরেজি ব্যতীত অন্যান যেমন দক্ষিণ কোরিয়া, চীন, জাপান এর ভাষায় রচিত ভাষা, সংস্কৃতি, সাহিত্য ও ঐতিহ্যভিত্তিক বইয়ের সমন্বয়ে একটি সংগ্রহ গড়ে উঠেছে। জাতীয় গ্রন্থাগারে ক্রমবর্ধমান গড়ে ওঠা জাতীয় সংগ্রহ সম্ভারের উৎসের অন্যতম একটি হলো ট্রাস্টেড দান। এ সকল উৎসের মাধ্যমে প্রাপ্ত সংগ্রহে অনেক বই রয়েছে যেগুলো ধারনা করা হচ্ছে বাংলা ভাষা, সংস্কৃতি, বাঙালী জাতিগোষ্ঠী, সাহিত্য, ইতিহাস ও ঐতিহ্য নিয়ে লেখা। এগুলো অনুবাদকরত: জাতীয় সংগ্রহের অর্ন্তভূক্ত করা হলে দেশের শিক্ষার্থী ও গবেষকদেরকে তথ্যসেবা প্রদান করা অনেকটা সহজ হবে।

পরিশেষে বলা যায় যে, দেশ ও জাতির বৃহত্তের স্বার্থে বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের গুরুত্ব যে কত ব্যাপক তা বর্ণিত ২৪ ক্যাটগরির তথ্যসামগ্রি সম্পর্কে একটি স্বাভাবিক/সম্যক ধারণা নিলেই জানা যায়।

জাতীয় গ্রন্থাগারের সাংগঠনিক কাঠামো (Organogram of National Library)

বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার অধিদপ্তরভুক্ত সেবাধর্মী জ্ঞানচর্চাভিত্তিক শীর্ষ পর্যায়ের দুটি জাতীয় প্রতিষ্ঠানের একটি। জাতীয় গ্রন্থাগারের একজন পরিচালক আছেন । মহাপরিচালক এ দুটি প্রতিষ্ঠান তথা আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রধান।

জাতীয় গ্রন্থাগারের শাখাসমূহ (Section of National Library)

০১। সংগ্রহ শাখা (Acquisition Section)
০২। প্রস্তুতিকরণ শাখা (Technical Processioning Section)
০৩। রেফারেন্স শাখা (Reference Section)
০৪। পাঠকক্ষ শাখা (Reading Room Section)
০৫। সংরক্ষণ শাখা (Preservation Section)
০৬। গবেষণা শাখা (Research Section)
০৭। জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়ন শাখা (National Bibliography Compilation Section)
০৮। পুস্তক বিনিময় শাখা (Book Exchange Section)
০৯। প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা (Publication and Training Section)
১০। প্রশাসনিক শাখা (Administrative Section)
১১। সাময়িকী শাখা (Periodical Section)
১২। ডিজিটাল সেবা শাখা (Digital Service Section)

শাখাভিত্তিক কার্যধারা (Section Based Function)

- সংগ্রহ শাখা - দেশের কপিরাইট আইনে বাধ্যতামূলক জমাদান বিধির লিগ্যাল ডিপোজিট রেগুলেশনের ক্ষমতাবলে বাংলাদেশের ভৌগোলিক সীমারেখার মধ্যে প্রকাশিত সৃজনশীল/ মৌলিক প্রকাশনা সংগ্রহ ।

- সংকলন শাখা- বাংলাদেশের সকল অঞ্চল থেকে সংগৃহীত নতুন সৃজনশীল প্রকাশনার তথ্য সমন্বয়ে বাংলাদেশ জাতীয় গ্রন্থাপঞ্জির পালিপি প্রণয়ন।

- প্রকাশনা ও রেফারেন্স শাখা- জাতীয় গ্রন্থপঞ্জি মুদ্রণ ও বিতরণের ব্যবস্থা করা এবং সেবাপ্রত্যাশী পাঠক, গবেষক ও তথ্যানুসন্ধানকারীকে জাতীয় গ্রন্থপঞ্জিভুক্ত সকল প্রকাশনাসহ বাঁধাইকৃত পুরনো পত্র-পত্রিকার প্রয়োজনীয় রেফারেন্স সেবা প্রদান। বর্তমানে জাতীয় গ্রন্থাগারের ওয়েবসাইটের মাধ্যমে বাঁধাইকৃত পত্রিকার তালিকা দেখার সুযোগ রয়েছে। সীমিত পরিসরে বাঁধাইকৃত পত্রিকার সফ্টকপি সেবাও প্রদান করা হয়।

- প্রস্তুতিকরণ শাখা- গ্রন্থাগারের সংগ্রহ বৃদ্ধিকরণ, যুগোপযোগীভাবে সংগ্রহের প্রক্রিয়াকরণ, গ্রন্থাগার ক্যাটালগের সাথে স্ট্যাক বিন্যাসের সামঞ্জস্য রক্ষাকরণ, বাছাই, প্রত্যাহার, ক্ষয়িষ্ণু সামগ্রী বাঁধাইসহ সংগ্রহের যথাযথ রক্ষণাবেক্ষণ, পাঠক ও গবেষকদের আধুনিক সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে সমগ্র সংগ্রহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ।

- অটোমেশন শাখা- জাতীয় গ্রন্থাগারের সুবিশাল সংগ্রহ থেকে পাঠক ও গবেষকদের চাহিদার পরিপ্রেক্ষিতে গ্রন্থাগার সামগ্রীর অটোমেশন এবং সময়ের সাথে তাল মিলিয়ে বিশ্বের অন্যান্য জাতীয়

গ্রন্থাগারের ন্যায় বাংলাদেশে জাতীয় গ্রন্থাগারে OPAC(Online Public Access Catalogue) চালুকরণ। এছাড়া ইন্টারনেট সার্চিং ও ই-মেইল ব্রাউজিং এর মাধ্যমে ব্যবহারকারীদের আধুনিক তথ্যসেবা প্রদান।

 প্রিজারভেশন ও কনজারভেশন শাখা- স্ক্যানিং ও ডিজিটাইজেশনের মাধ্যমে দু¯প্রাপ্য, পুরাতন, ছেঁড়া, ক্ষয়িষ্ণু, প্রায় নষ্ট হয়ে যাওয়া গ্রন্থাগার সামগ্রীকে দীর্ঘস্থায়ী সংরক্ষণ করা এবং একটি বৃহৎ ডিজিটাল রিপোজিটরি তৈরি করে ন্যাশনাল লাইব্রেরিকে ক্রমান্বয়ে ডিজিটাল লাইব্রেরিতে রূপান্তরিত করে ই-লার্নিং সেবা প্রদান করা।

 ডিজিটাল সার্ভিস শাখা- স্ক্যানিং (ডিজিটাইজেশনের)এর মাধ্যমে দুষ্প্রাপ্য বই,ক্ষয়িষ্ণু সংবাদপত্র, নিউজপেপার ক্লিপিংস, ম্যাপ, পুরাতন ডিস্ট্রিক্ট গেজেটিয়ার, কলকাতা গেজেট, সরকারি প্রকাশনা এবং দানকৃত ও বাছাইকৃত বিভিন্ন ধরনের তথ্যসামগ্রী স্ক্যান করে সার্ভারে সংরক্ষণ করা। তথ্যসামগ্রী সমূহের ডাটা এন্ট্রি করে গ্রন্থাগারের নিজস্ব ওয়েবসাইট এর মাধ্যমে ব্যবহারকারী/গবেষকদের প্রয়োজনীয় তথ্যসেবা প্রদানের সুব্যবস্থা করা। এছাড়া পাঠক ও গবেষকদের জন্য ই-লার্নিং তথ্যসেবা ও ২৪/৭ অনলাইন ডিজিটাল লাইব্রেরি সেবা প্রদান করা।

জাতীয় গ্রন্থাগারের চলমান সেবাসমূহ (Existing Services of NL)

পাঠকক্ষ সেবা- বাংলা ও ইংরেজি ভাষার গ্রন্থের জন্য পৃথক দুটি সুপরিসর ও শীতাতপ নিয়ন্ত্রিত পাঠকক্ষ রয়েছে। এছাড়াও সংবাদপত্রের জন্য অপর একটি পাঠকক্ষ রয়েছে। পাঠক/গবেষকের প্রয়োজনীয় গ্রন্থ পাঠকক্ষে না থাকলে তথ্য সামগ্রী চাহিদা অনুযায়ী স্ট্যাক থেকে সরবরাহ করা হয় ।

গবেষণা ও রেফারেন্স সেবা- শিক্ষা, গবেষণা বা দাপ্তরিক প্রয়োজনে প্রশাসন, নীতি নির্ধারক, পেশাজীবী, পাঠক, দেশি- বিদেশি প্রতিষ্ঠান এবং বিভিন্ন দপ্তরকে রেফারেন্স সেবা প্রদান করা হয়।

জাতীয় গ্রন্থপঞ্জি সেবা- বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে কপিরাইট আইনে বাংলাদেশে প্রকাশিত সকল মৌলিক ও সৃজনশীল প্রকাশনার সমন্বয়ে প্রতিবছর জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়নপূর্বক গ্রন্থপঞ্জিগত সেবা প্রদান করা হয়। জাতীয় গ্রন্থপঞ্জি একটি দেশের প্রকাশনা সামগ্রীর বিশ্বস্ত দলিল।

ওঝইঘ বরাদ্দ সেবা- দেশের প্রকাশনা দেশ বিদেশে পরিচিতি বৃদ্ধির লক্ষ্যে ওঝইঘ বরাদ্দ দেয়া হয়। যে কোনো লেখক বা প্রকাশক পরিচালক বরাবর লিখিত আবেদনপত্র জমা দিলে প্রতিদিন ওঝইঘ বরাদ্দ দেয়া হয়। কর্মদিবসে ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র এবং ই-মেইলের মাধ্যমে আবেদনকৃতদের ডাকযোগে ও ই-মেইলে ওঝইঘ বরাদ্দ দেয়া হয়। উল্লেখ্য, আবেদনপত্রের সাথে পাÑুলিপির কপি অবশ্যই সংযুক্ত করতে হবে ।

ফটোকপি/রিপ্রোগ্রাফিক ও স্ক্যানিং/প্রিন্টিং সেবা- ব্যবহারকারীদের গবেষণার প্রয়োজনে বিভিন্ন তথ্য সামগ্রীর ফটোকপি বা রিপ্রোগ্রাফিক এবং স্ক্যানিং/প্রিন্টিং সেবা প্রদান করা হয়। বই প্রতি পৃষ্ঠা ২/-(দুই) টাকা, গেজেট প্রতি পৃষ্ঠা ২/-(দুই) টাকা, সমসাময়িক সংবাদপত্র প্রতি ইমেজ ৫/-(পাঁচ) টাকা এবং স্ক্যানিং/প্রিন্টিং ১০/-(দশ) টাকা হারে সীমিত পরিমাণে ফটোকপি ও স্ক্যানিং/প্রিন্টিং সুবিধা প্রদান করা হয়। বাঁধাইকৃত সংবাদপত্র, গেজেট এবং দু¯প্রাপ্য গ্রন্থের ফটোকপি দেয়া হয় না।

ম্যাপ তথ্যসেবা- গবেষকগণ গবেষণা কাজের প্রয়োজনে জাতীয় গ্রন্থাগারে ম্যাপ ব্যবহারের সুবিধা পেয়ে থাকেন।

**ইন্টারনেট ও OPAC সেবা**- জাতীয় গ্রন্থাগারের গবেষক ও পাঠকদেরকে বিনামূল্যে ওয়াই ফাই সুবিধাসহ ইন্টারনেট ব্রাউজিং ও ই-মেইল সার্চিং সুবিধা প্রদান করা হয়। জাতীয় গ্রন্থাগারের ওয়েবসাইট ব্যবহার করে অনলাইন পাবলিক অ্যাকসেস ক্যাটালগ (OPAC) সুবিধা পাওয়া যায়।

**অডিটোরিয়াম ব্যবহার সুবিধা**- সরকারের নির্ধারিত ফি-এর বিনিময়ে জাতীয় গ্রন্থাগার ভবনের নিচতলায় অবস্থিত ৩০০ আসন বিশিষ্ট সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম ভাড়ায় ব্যবহার সুবিধা দেয়া হয়।

**প্রদর্শনী গ্যালারি**- সরকারের বিভিন্ন পর্যায়ের জাতীয় অনুষ্ঠান ও প্রদর্শনী করার জন্য জাতীয় গ্রন্থাগারের ৩২০০ বর্গফুটের একটি প্রদর্শনী গ্যালারি রয়েছে। বিভিন্ন জাতীয় দিবসে সপ্তাহ/পক্ষকালব্যাপী সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

বঙ্গবন্ধু কর্নার- সম্প্রতি জাতীয় গ্রন্থাগারে বঙ্গবন্ধু কর্নার চালু করা হয়েছে। যেখানে বঙ্গবন্ধু সংক্রান্ত বই, পত্রিকা, ছবি ও অন্যান্য দুষ্প্রাপ্য ডকুমেন্ট রয়েছে।

চিলড্রেন ও উইমেন কর্নার- শিশুদের উপযোগী বই-পুস্তকের সমন্বয়ে সম্প্রতি চিলড্রেন ও উইমেন কর্নার চালু করা হয়েছে।

অটিস্টিক কর্নার- অটিস্টিক শিশুদের উপযোগী পুস্তকাদির সমন্বয়ে একটি অটিস্টিক কর্নার চালু করা হয়েছে।

ব্যান্ড বই কর্নার- জাতীয় গ্রন্থাগারে বিভিন্ন সময়ে ব্যান্ডকৃত বইয়ের একটি কর্নার খোলা হয়েছে।

ব্লাইন্ড কর্নার- ব্লাইন্ড শিশুদের উপযোগী পুস্তকাদির সমন্বয়ে একটি ব্লাইন্ড কর্নার চালু করা হয়েছে।

বর্তমান সংগ্রহ প্রকৃতি (Nature of Collection)

জাতীয় গ্রন্থাগার সংগ্রহের বৈশিষ্ট্য হলো জাতির বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল মুদ্রিত উপাদান, বিশ্বমানের বৈদেশিক নতুন প্রকাশনা, দেশের সকল পত্র-পত্রিকা, ট্রাস্টেড সংগ্রহ ইত্যাদির সমন্বয়ে সকলের ব্যবহারযোগ্য সম্যক জাতীয় সংগ্রহশালা গড়ে তোলা। বর্তমানে নিম্নলিখিত শ্রেণির সংগ্রহ বিদ্যমান আছে-

- কপিরাইট আইনে দেশের বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল মুদ্রিত উপাদান
- ক্রয়কৃত দেশীয় বই, পত্র-পত্রিকা
- ক্রয়কৃত বিদেশী বিশ্বমানের বই
- জাতীয়, আঞ্চলিক পত্র-পত্রিকা ও সাময়িকী
- জাতীয় গ্রন্থাগারে ট্রাস্টেড দানকৃত সংগ্রহ
- সরকারি প্রকাশনা- ১৯০০ সাল থেকে
- কলকাতা গেজেট- ১৮০০ সাল থেকে
- পাকিস্তান ও বাংলাদেশ গেজেট

ক্স পুরাতন ডিস্ট্রিক্ট গেজেটিয়ার

ক্স দুর্লভ বই-পুস্তকের সংগ্রহ

ক্স বিভিন্ন ধরনের পাণ্ডুলিপি

ক্স উল্লেখযোগ্য সংখ্যক উর্দু, ফার্সি ও আরবি পুস্তকের সংগ্রহ।

**সংগ্রহের নীতিমালা (Principles of Collection)**

সৌজন্য: গ্রন্থস্বত্ব আইনে বাধ্যতামূলক জমাদান/সংগ্রহনীতি--

- বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে যে কোনো ভাষায় যে কোনো লেখক/প্রকাশক কর্তৃক মৌলিক ও সৃজনশীল নতুন প্রকাশিত (অনুবাদ/সংকলনসহ) বই প্রতিটির এক কপি।
- বাংলাদেশে প্রকাশিত প্রত্যেকটি সাময়িকী/সংবাদপত্রের প্রথম সংখ্যার এক কপি।
- সরকারি সংস্থার মৌলিক ও প্রথম প্রকাশনার প্রতিটির এক কপি।

উল্লিখিত প্রকাশনা ছাড়াও দেশের শিল্প, সাহিত্য, সংস্কৃতি, ঐতিহ্য আলোকপাতকারী প্রকাশনা ও তথ্যসামগ্রী (নোট, গাইড, বিজ্ঞাপণ সর্বস্ব বই ইত্যাদি ব্যতীত) জাতীয় গ্রন্থাগার কর্তৃপক্ষ কর্তৃক সংগ্রহের জন্য বিবেচ্য।

দান: জাতীয় পর্যায়ে পুরস্কারের মাধ্যমে স্বীকৃত কোনো পন্ডিত বুদ্ধিজীবী, লেখক, সাহিত্যিক, সংস্কৃতিকর্মী, পেশাজীবী বা বিখ্যাত ব্যক্তিত্বের জীবনী ও সাহিত্যকর্ম সম্পর্কিত এবং বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারে গবেষকদের প্রয়োজনে দীর্ঘস্থায়ী সংরক্ষণের উপযোগিতা সম্পন্ন ব্যক্তিবর্গের সংগ্রহ অথবা কোনো প্রতিষ্ঠানের বিশেষ সংগ্রহ।

বিনিময়: বিনিময় হিসেবে প্রাপ্ত প্রকাশনাসমূহের প্রকৃতি ও জাতীয় গ্রন্থাগারে ব্যবহারের প্রয়োজনে স্থায়ী সংগ্রহের উপযোগিতা বিবেচনাপূর্বক সংগ্রহের অন্তর্ভুক্তকরণ।

ক্রয়: জাতীয় গ্রন্থাগারে গবেষক ও পাঠকদের সামগ্রিক প্রয়োজনে ও জাতীয়ভিত্তিক সংগ্রহের বৈচিত্র্য বৃদ্ধির জন্য দেশি-বিদেশি বই, পত্র-পত্রিকা, সাময়িকী ও জার্নাল--

- বিশ্বে বিশেষ করে এশিয়া মহাদেশভুক্ত দেশসমূহে জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখার উপর সর্বশেষ তথ্য সংবলিত/প্রতিনিধিত্বমূলক প্রকাশিত মানসম্পন্ন বই।
- বিদেশে প্রকাশিত যে কোনো লেখক কর্তৃক বাংলাদেশ সম্পর্কিত অথবা বাংলাদেশের লেখক কর্তৃক বিদেশে প্রকাশিত বিশেষ করে ইংরেজি ভাষার বই।
- বাংলাদেশের শিক্ষাব্যবস্থা/গবেষণা কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন বিষয়ের উপর ভিন্ন ভিন্ন দেশে নিয়মিতভাবে প্রকাশিত চলমান টেকনিক্যাল/পেশাগত সাময়িকী।
- নোবেল বিজয়ী লেখকদের এবং বিশ্ববিখ্যাত ব্যক্তিত্বের জীবনীমূলক বই এবং বিশ্বের বিভিন্ন দেশের নির্বাচিত জাতীয় শ্রেষ্ঠ পুরস্কারপ্রাপ্ত বই।
- বিভিন্ন রকম দু¯প্রাপ্য, মুদ্রণ বহির্ভূত, আরকাইভাল গুণসম্পন্ন বই, জার্নাল ইত্যাদি।

সংগ্রহের পরিসংখ্যান:

গুণগত বৈশিষ্ট্যকে চলমান রেখেই সংগ্রহ গড়ে তোলা হয়। নিম্নে জাতীয় সংগ্রহের একটি পরিসংখ্যান দেয়া হলো-

মোট সংগ্রহ সংখ্যাঃ জাতীয় গ্রন্থাগারে সকল প্রকার সংগ্রহ মিলিয়ে আনুমানিক প্রায় ৫,৫০,০০০(পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার)। সম্পূর্ণ প্রক্রিয়াকরণকৃত ও নিত্য ব্যবহারযোগ্য বই, পত্র-পত্রিকার সংখ্যা ০২ (দুই) লক্ষ-এর বেশি। সমুদয় সংগ্রহকে মোটামুটি ২৪টি ক্যাটাগরিতে বিন্যাস করে তথ্যসেবা প্রদান করা হয় ।

বই ছাড়া বর্তমানে দীর্ঘস্থায়ীভাবে সংরক্ষিত তথ্যসামগ্রীর একটি চিত্র নিম্নরূপ:

- দৈনিক সংবাদপত্র (বাংলা)-------------১০৩টি শিরোনামের (১৯৬১)
- দৈনিক সংবাদপত্র (ইংরেজি)-------------৩১টি শিরোনামের (১৯৫৭)
- সাময়িকী (বাংলা)---------------------১৫০টি শিরোনামের (১৯৭২)
- সাময়িকী (ইংরেজি) ---------------------০৮টি শিরোনামের (১৯৯১)
- ডিস্ট্রিক্ট গেজেটিয়ার (পুরাতন)----------৩০৯টি শিরোনামের (১৮৭৮)
- ম্যাপ (বিভিন্ন শিরোনামের)------------১,৬৮০টি (১৮৯২)
- মাইক্রোফিল্ম রোল/মাইক্রোফিস--------১,৫৫৯টি (১৮৭৫)
- নিউজ ক্লিপিংস (৩০০০ শিরোনামের)-------৩১বান্ডিল (১৯৭১)

সংবাদপত্র/সাময়িকীঃ ১৯৫৮-২০১৩ সাল পর্যন্ত দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক ও ষান্মাসিক সাময়িকী পত্রিকাসহ বিভিন্ন শিরোনামের জাতীয় ও আঞ্চলিক, দৈনিক চলতি সংবাদপত্র বাংলা/ইংরেজি এবং বাঁধাই সংবাদপত্র বাংলা/ইংরেজি জাতীয় গ্রন্থাগারে সংগৃহীত রয়েছে।

জাতীয় গ্রন্থাগারে সংরক্ষিত দৈনিক বাঁধাইকৃত সংবাদপত্রের নাম ও সাল-

| ক্রমিক নং | শিরোনাম | সময় |
|---|---|---|
| ১। | দৈনিক আওয়াজ | ১৯৬৫-১৯৬৮ |
| ২। | আজকের বাংলাদেশ | ১৯৮৭-১৯৯৩ |
| ৩। | দৈনিক আজাদ | ১৯৬১-১৯৭৮, ১৯৮১-৯২ |
| ৪। | দৈনিক আজাদী | ১৯৬৫, ৬৬, ৬৮-৭০,৭২-৭৬, ৮১-৮৫, ৮৭-৯৩ |
| ৫। | দৈনিক আযম | ১৯৯২-১৯৯৩ |
| ৬। | দৈনিক আল আমিন | ১৯৯২ |
| ৭। | দৈনিক ইত্তেফাক | ১৯৬১-৬৬, ৬৯-৯০ |
| ৮। | দৈনিক ইনকিলাব | ১৯৮৬-১৯৯০ |
| ৯। | দৈনিক ইনসাফ(চট্টগ্রাম) | ১৯৬৫-৬৬ |
| ১০। | দৈনিক উত্তর বার্তা | ১৯৮৩-৮৪ |
| ১১। | দৈনিক উত্তর বাংলা | ১৯৮৯-৯০ |
| ১২। | দৈনিক উত্তরা | ১৯৭৪-৯০ |
| ১৩। | দৈনিক উত্তরাঞ্চল | ১৯৮৩-৯১ |
| ১৪। | দৈনিক করতোয়া | ১৯৮৩-৯০ |
| ১৫। | দৈনিক খবর | ১৯৬৯-৭২,৭৭-৮৬,৮৮-৯০ |
| ১৬। | দৈনিক গণকণ্ঠ | ১৯৭২-৭৫,৭৯-৮২ |
| ১৭। | দৈনিক গণদেশ | ১৯৭৯-৮৫ |
| ১৮। | দৈনিক জনকণ্ঠ | ১৯৭২-৮২ |
| ১৯। | দৈনিক জনদেশ | ১৯৭৯-৮৫ |
| ২০। | দৈনিক গণবাংলা | ১৯৭১-৭৪ |
| ২১। | দৈনিক গিরিদর্পণ | ১৯৮৩-৯০ |
| ২২। | দৈনিক জনকথা | ১৯৮০-৮৬ |
| ২৩। | দৈনিক জনতা | ১৯৬৪-৬৬, ৮৪-৯০ |
| ২৪। | দৈনিক জনপদ | ১৯৭৩-৭৫,৭৯-৮৪, ৮৯ |
| ২৫। | দৈনিক জন্মভূমি | ১৯৭৫-৮২, ৮৪-৯০ |
| ২৬। | দৈনিক জমানা | ১৯৬৮-৭০,৭২-৮০ |
| ২৭। | দৈনিক জালালাবাদী | ১৯৮৬-৮৯ |

২৮। দৈনিক জাহান ১৯৮০-৮১, ৮৫-৮৬, ৯০
২৯। দৈনিক ঠিকানা ১৯৭৬-৮৩
৩০। দৈনিক তিস্তা ১৯৮৪-৯০
৩১। দৈনিক দাবানল ১৯৮১-৮৭
৩২। দৈনিক দেশ ১৯৭৯-৯১
৩৩। দৈনিক দেশ কথা ১৯৯১-৯৩
৩৪। দৈনিক দেশ বাংলা ১৯৭৭-৭৯,৮১-৮২
৩৫। দৈনিক দেশের কথা ১৯৭৯-৮০
৩৬। দৈনিক নূতন কথা ১৯৮৯
৩৭। দৈনিক নূতন বাংলা ১৯৮৭-৮৯
৩৮। দৈনিক নূতন বাংলাদেশ ১৯৮৫-৮৭
৩৯। দৈনিক নব অভিযান ১৯৮৪-৮৬, ৯০-৯১
৪০। দৈনিক নবজাত ১৯৭২-৭৪
৪১। দৈনিক নয়া বাংলা ১৯৭৮-৮৬
৪২। দৈনিক পয়গাম ১৯৬৪-৬৬, ৭০-৭১
৪৩। দৈনিক পাকিস্তান ১৯৬৪-৬৬, ৬৮-৭১
৪৪। সাপ্তাহিক পাকিস্তান ১৯৬৮-৭১
৪৫। দৈনিক পূর্বকোণ ১৯৮৫-৯০
৪৬। দৈনিক পূর্বদেশ ১৯৬২-৬৬, ৬৮-৭৫
৪৭। দৈনিক পূর্বাঞ্চল ১৯৭৪-৮০, ৮৫-৮৮
৪৮। দৈনিক পূরবী ১৯৮৭-৯০
৪৯। দৈনিক প্রতিদিন ১৯৮০-৮৯
৫০। দৈনিক প্রবাসী ১৯৮২-৮৯
৫১। দৈনিক বঙ্গবার্তা ১৯৭৩-৭৪
৫২। দৈনিক বার্তা ১৯৭৬-৮৯
৫৩। দৈনিক বাংলা ১৯৭২-৯১
৫৪। দৈনিক বাংলাদেশ ১৯৭৪-৭৫, ৮৬-৯১
৫৫। দৈনিক বাংলার বাণী ১৯৭০-৭৫, ৮১-৮৯
৫৬। দৈনিক মিল্লাত ১৯৭৭-৭৮, ৮৪, ৮৮-৮৯
৫৭। দৈনিক মুক্তিবার্তা ১৯৮৯
৫৮। দৈনিক রানার ১৯৮০-৮২, ৮৬-৮৮
৫৯। দৈনিক রাঙ্গামাটি ১৯৯৩
৬০। দৈনিক সমাজ ১৯৭২-৭৪,৭৬
৬১। দৈনিক সংগ্রাম ১৯৭০-৭১,৭৭-৯৫
৬২। দৈনিক সংবাদ ১৯৬৫-৬৬, ৬৮-৯০
৬৩। সাপ্তাহিক সোনার বাংলা ১৯৬৩-১৯৬৪
৬৪। দৈনিক সিলেটের ডাক ১৯৮৭-৮৮

The Daily Newspapers.

1. The Bangladesh Observer -----------------1971
2. The Bangladesh Times --------------------1974
3. The Dawn-----------------------------------1965-1971

4. The Independent---------------------------1995
5. The Financial Express--------------------1991-1992
6. The Nwe Nation--------------------------1980-1989, 1990-2005
7. The News Today-------------------------2002-2006
8. The Daily star----------------------------1991-2006
9. The times of India ----------------------1992-1993
10. The Daily Tribune ----------------------1972-73
11. The Business Post ---------------------- 1968-1971
12. The Business Recorder ---------------- 1968-1971
13. The Consumers Economist ------------ 1980-89
14. The Dialogue --------------------------- 1989-1990
15. The Eastern Examiner ----------------- 1965-1974
16. The Evening Star ----------------------- 1969-1971
17. The Holiday (Weekly)------------------ 1966-6990
18. The Leader------------------------------1968-1971
19. The Daily life --------------------------- 1988-1989
20. The Morning News--------------------- 1959-1975
21. The Morning Post ---------------------- 1979-1981
22. The Daily News ------------------------ 1968-1988
23. The Pakistan Observer ---------------- 1957-1971
24. The Pakistan Times ------------------- -1964-1971
25. The People ------------------------------ 1970-1975
26. The Peoples Views --------------------1970-1982
27. The Sun ---------------------------------1970-71
28. The Tide --------------------------------- 1983-1991
29. The Unity ------------------------------- 1965-1966
30. The Wave ------------------------------- 1968-71

**সরকারী প্রকাশনা (Government Publications)**

জাতীয় গ্রন্থাগারে উত্তরাধিকার সূত্রে তৎকালীন পূর্বপাকিস্তানে অবস্থিত কেন্দ্রীয় লাইব্রেরি থেকে প্রাপ্ত সরকারি প্রকাশনাসহ বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকাশিত/প্রদত্ত প্রকাশনাসমূহ ব্যবহারোপযোগীভাবে সংরক্ষণ করা হয়। যেমন: পাকিস্তান আদম শুমারি ১৯৫১, ডিস্ট্রিক্ট গেজেটিয়ার, পাকিস্তান প্রথম -পঞ্চবার্ষিক পরিকল্পনা ইত্যাদি।

জার্নাল-দেশ বিদেশ থেকে প্রাপ্ত/সংগৃহীত বিভিন্ন পেশা/বিষয়ভিত্তিক উল্লেখযোগ্য সংখ্যক নির্বাচিত জার্নাল জাতীয় গ্রন্থাগারে বাঁধাইপূর্বক সংরক্ষণ করা হয়ে থাকে।ভাষা ও দেশভিত্তিক সংগ্রহ- বিশ্বের বিভিন্ন দেশে বিভিন্ন ভাষায় দেশ ভিত্তিক প্রকাশিত গ্রন্থ, সাময়িকী, বিভিন্ন জার্নাল ইত্যাদি জাতীয় গ্রন্থাগারে বিশেষ ব্যবস্থাপনায় সংরক্ষণ করা হয়। এজন্য জাতীয় গ্রন্থাগারে একটি বিদেশি কর্নার নির্দিষ্ট করা আছে। ইংরেজি ছাড়া বিদেশি ভাষায় প্রকাশিত সংগ্রহের মধ্যে উল্লেখযোগ্য হলো- গ্রিক, ব্রাজিল, হিন্দি, উর্দু, আরবি, ফ্রেঞ্চ, ফার্সী, জাপানিজ, চাইনিজ এবং কোরিয়ান ভাষায় প্রকাশিত বই ও জার্নাল।

ম্যাপ- জাতীয় গ্রন্থাগারে ১৮৯২-২০১৩ সাল পর্যন্ত দেশ, জেলা, থানা, নদ-নদী , পৌরসভা , যোগাযোগ ও গাইড ম্যাপ ইত্যাদির মত বিভিন্ন বিষয়ের উপর প্রায় ১৭০০ ম্যাপ সংরক্ষিত আছে।

মাইক্রোফিল্ম- ইবহমধষর ঘধঃরাব ঘবংিঢ়ধঢ়বৎ জবঢ়ড়ৎঃং এর ১৮৭৫-১৯২৬ সাল পর্যন্ত প্রায় ৫৯টি মাইক্রোফিল্ম রোল জাতীয় গ্রন্থাগারে সংরক্ষিত আছে।
মাইক্রোফিস- জাতীয় গ্রন্থাগারে ১৯৮৫-১৯৯৩ সাল পর্যন্ত বিভিন্ন বিষয়ের প্রায় ২০টি মাইক্রোফিস রোল সংরক্ষিত আছে।
দুষ্প্রাপ্য বই (জধৎব ইড়ড়শং)

শত বছরের অধিক পুরাতন কিছু বইয়ের বিবরণ নিম্নরুপ-

ক) আলালের ঘরের দুলাল - শ্রী টেকচাঁদ ঠাকুর, ১২৬৫ সন
খ) ময়মনসিংহের বিবরণ- কেদারনাথ মজুমদার, ১৯০৭ সাল
গ) রাজবালা - রামকৃষ্ণ মুখোপাধ্যায়, ১২৭৭ সন
ঘ) বঙ্গাদেশের বিশেষ বিবরণ - শশীভূষণ চট্টোপাধ্যায়, ১৯০২ সাল
ঙ) নব চরিত - রজনীকান্ত গুপ্ত, ১২৯৩ সন
চ) ইউছুফ জুলেখা
ছ) হাতে লেখা পবিত্র কোরআন শরীফ, ১৭৫২ সাল

পাণ্ডুলিপি (Manuscript)

১। মনসামঙ্গল কাব্যের পাণ্ডুলিপি।
২। পাঠোদ্ধার সম্ভব হয়নি এমন পাণ্ডুলিপির সংখ্যা শতাধিক।

বিশেষ সংগ্রহ (Special Collection)

জাতীয় গ্রন্থাগারে নিম্নবর্ণিত বিশেষ সংগ্রহ ব্যবহারোপযোগী অবস্থায় সংরক্ষিত আছে -

ক্স ড. মুহম্মদ শহীদুল্লাহ্ এর ব্যক্তিগত সংগ্রহ
ক্স বাংলাদেশ সচিবালয় কর্তৃক দানকৃত সংগ্রহ
ক্স টাঙ্গাইলের ধনবাড়ী নবাবের গ্রন্থাগার সংগ্রহ
ক্স ড. ফজলুল হাসান ইউসুফের ব্যক্তিগত সংগ্রহ
ক্স সংস্কৃতি ব্যক্তিত্ব গোলাম মোস্তফার ব্যক্তিগত সংগ্রহ
ক্স হালিমা খাতুনের দানকৃত সংগ্রহ
ক্স খন্দকার লাইব্রেরির ব্যক্তিগত সংগ্রহ
ক্স রাজিয়া মজিদ এর ব্যক্তিগত সংগ্রহ
ক্স সাবেক পরিচালক কে.এম. করিম এর ব্যক্তিগত সংগ্রহ।

টেকনিক্যাল পদ্ধতি অনুসরণ (Follow of Technical Rules)
জাতীয় গ্রন্থাগারে সংগ্রহ প্রক্রিয়াকরণের জন্য নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করা থাকে-

- শ্রেণিকরণের জন্য DDC-২৩ তম সংস্করণ ২০১১
- সূচিকরণের জন্য AACR2-২য় সংস্করণ
- লিখন এন্ট্রির জন্য IFLA-১৯৯৬
- বিষয় নির্ধারণের জন্য Sears List of Subject Heading-এর ২০ তম সংস্করণ
- লাইব্রেরি সংগ্রহ অটোমেশন ও ডিজিটাইজেশনের জন্য Koha 8.3 ও Greenstone সফটওয়্যার

গ্রন্থাগারের প্রকাশনা:

জাতীয় গ্রন্থাগারের অগ্রাধিকারমূলক কার্যক্রমের অন্যতম হলো যথাসময়ে জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়ন ও প্রকাশ করা। প্রতিষ্ঠালগ্ন থেকে বছর ভিত্তিক জাতীয় গ্রন্থপঞ্জি প্রকাশিত হচ্ছে। ১৯৭২ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত জাতীয় গ্রন্থপঞ্জির মোট ২২(বাইশ)টি সংখ্যা প্রকাশিত হয়েছে। এছাড়া বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে বেশ কিছু প্রবন্ধসূচি বাংলা/ইংরেজি প্রকাশিত হয়েছে এবং সাম্প্রতিক সংখ্যা প্রকাশের পথে।

আন্তর্জাতিক সংশ্লিষ্টতা :

জাতীয় গ্রন্থাগার নিম্নলিখিত আন্তর্জাতিক সংস্থাগুলোর সদস্যভুক্ত দেশ-

i) International Federation of Library Associations & Institutions (IFLA)
ii) Conference of Directors of National Libraries of Asia and Oceania (CDNLAO)
iii) International ISBN Agency
iv)The UNESCO Network of Associated Libraries (UNAL)
v) Asia Pacific Cultural Centre for UNESCO (ACCU)
vi) Conference of Directors of National Libraries (CDNL)

প্রশিক্ষণ(দেশ-বিদেশ)

জাতীয় গ্রন্থাগারে কর্মরত কারিগরি জনবলের সংখ্যানুপাতে দেশে সাধারণ প্রশিক্ষণ ছাড়াও বিদেশে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ রয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা

- বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার আইন চূড়ান্তকরণ (বর্তমানে প্রক্রিয়াধীন)।

- জাতীয় গ্রন্থপঞ্জি, প্রবন্ধসূিচ ও প্রকাশক নির্দেশিকা প্রকাশের জন্য নিজস্ব প্রেস ইউনিট স্থাপন।
- নিয়মিতভাবে জাতীয় গ্রন্থাগারের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা।
- ডিজিটাইজেশনকৃত তথ্যসামগ্রীসমূহ অনলাইনের মাধ্যমে ব্যবহারোপযোগী করা।
- বই/গ্রন্থাগার/প্রকাশনার উপর নিয়মিত প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা।
- বই, সংবাদপত্র, সাময়িকী ও অডিও-ভিজুয়াল সামগ্রী ব্যবহারের নীতিমালা প্রণয়ন।
- কর্মরত জনবলের মধ্যে প্রযুক্তি মনস্ক লিডারশীপ কোয়ালিটি তৈরিতে উৎসাহ প্রদান।
- একটি আধুনিক শিশু কর্নার এবং ওরাল লাইব্রেরি গঠন করা।

গ্রন্থাগার ভবনের অবকাঠামোগত সুবিধা

- প্রাঙ্গণসহ জাতীয় গ্রন্থাগার ভবনের সর্বমোট জায়গা------২.৩৬ একর
- মূল ভবনের সর্বমোট জায়গা--------------------------১০৪৮৮০ বর্গফুট
- ভবনের কার্পেট এরিয়া---------------------------------৬১৫৫৫ বর্গফুট

-  শীতাতপ নিয়ন্ত্রিত ৭ তলা বিশিষ্ট স্ট্যাক বùক-------------৪৮২২৩ বর্গফুট
-  ৩টি পাঠকক্ষ-----------------------------------------৮০০০ বর্গফুট
-  প্রদর্শনী গ্যালারি----------------------------------------৩২০০ বর্গফুট
-  শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম-------------------------৩০০ আসন বিশিষ্ট

যোগাযোগ :

চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক
বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
টেলিফোন: ৮৮-০২-৪৮১১৪৩৩১

০৮/১২/2020
মোঃ জামাল উদ্দিন
চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ.দা.)
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।